
www.facebook.com/purbottar

Bengali fortnightly newspaper

www.purbottar.in




পৃষ্ঠা-৩ ▶▶▶
করোনায় আক্রান্ত হলে আর প্রয়োজন নেই টিকাকরণের?

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

RNI No. 71057/96

বিজ্ঞপ্তি

আপনাদের গল্প, কবিতা, লেখা, চিত্র আমাদের contact@purbottar.in-এ ই-মেইল অথবা, 95932 00246 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273458

বর্ষঃ ২৫, সংখ্যাঃ ১২, কোচবিহার, শুক্রবার, ১৮ জুন - ১ জুলাই ২০২১, পৃষ্ঠা সংখ্যাঃ ৮ | Vol:25, Issue: 12, Cooch Behar, Friday, 18 June - 1 July 2021, Page: 8 ₹ 3.00

## উত্তরবঙ্গকে পৃথক রাজ্য করার দাবি

# বিজেপি সাংসদ জন বার্লার

**আলিপুরদুয়ার:** বিজেপি সাংসদ জন বার্লা গোটা উত্তরবঙ্গকেই পৃথক রাজ্য হিসেবে ঘোষণা করার দাবি জানালেন। আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ জানিয়েছেন, সংসদের অধিবেশন খুললেই এই দাবিতে সরব হবেন তিনি। নেপালি ভাষার একটি স্থানীয় সংবাদ পোর্টালকে দেওয়া সাক্ষাৎকারে উত্তরবঙ্গকে পৃথক রাজ্য করার দাবি জানিয়েছেন তিনি। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কয়েকদিন আগেই উত্তরবঙ্গকে আলাদা রাজ্য করার দাবি নিয়ে কড়া প্রতিক্রিয়া দিয়ে স্পষ্ট জানিয়েছেন, কোনও অবস্থাতেই আর বাংলাকে ভাগ করতে দেওয়া হবে না।

সাংসদ জন বার্লা কাশ্মীরে ৩৭০ ধারা বাতিল করা এবং লাদাখকে পৃথক কেন্দ্রশাসিত অঞ্চল হিসেবে স্বীকৃতি দেওয়ার উদাহরণ দিয়েছেন। তিনি যুক্তি দেখিয়েছেন যে, দক্ষিণবঙ্গ সবসময় উত্তরবঙ্গকে অবহেলা করেছে। এখানকার রাজস্ব দক্ষিণবঙ্গে চলে গিয়েছে। উত্তরবঙ্গের মানুষ এর কোনও সুফলই পান না। সেই কারণেই আমি উত্তরবঙ্গের পৃথক রাজ্যের মর্যাদা চাইছি। আমার বিশ্বাস, তাহলেই



এখানকার মানুষ খুশি হবে এবং প্রকৃত উন্নয়ন হবে। সংসদের অধিবেশন শুরু হলেই আমি এই দাবি জানাবো। দলীয় সাংসদের এই দাবিতে নতুন করে অস্বস্তি বেড়েছে বিজেপির। কারণ এই দাবিকে সমর্থন করলে বিজেপি রাজ্য ভাগ করতে চাইছে, সেই মতকেই স্বীকৃতি দেওয়া হবে। রাজ্য বিজেপি-র নেতা সায়ন্তন বসু তাই জন বার্লার মন্তব্যকে দলের অবস্থান নয় বলেই দাবি করেছেন। তাঁর পাল্টা প্রশ্ন, 'বিজেপি কি কোথাও বলেছে ভোটে জিতলেই আলাদা রাজ্য করে দেবে?' যদিও এমন দাবি করার জন্য দলীয় সাংসদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হবে কি না, সে বিষয়টি স্পষ্ট করেনি বিজেপি নেতৃত্ব।

লোকসভা নির্বাচনে উত্তরবঙ্গের সাতটি আসনই দখল করেছিল বিজেপি। কিন্তু বিধানসভা নির্বাচনে হারানো জমি অনেকটাই পুনরুদ্ধার করে ফেলেছে তৃণমূল। তবু দক্ষিণের তুলনায় উত্তরেই বিজেপি-র ফল ভাল হয়েছে। উত্তরবঙ্গের মোট ৫৪টি আসনের মধ্যে ৩০ টিতে জয়ী হয়েছে বিজেপি। আগামী লোকসভা নির্বাচনে উত্তরবঙ্গে এই জনসমর্থন ধরে রাখা বিজেপি-র কাছে বড় চ্যালেঞ্জ।

## জন্মদিনে পুলিশি জিজ্ঞাসাবাদের মুখোমুখি মিঠুন

**কলকাতা:** মানিকতলা থানার পুলিশ ১৬ জুন সকাল ১০টার পর থেকে ভার্চুয়াল মাধ্যমে তাঁকে জিজ্ঞাসাবাদ করে। বাংলায় একুশের বিধানসভা নির্বাচনের প্রচারে উস্কানিমূলক মন্তব্যের অভিযোগ উঠেছে মিঠুনের বিরুদ্ধে মিঠুন চক্রবর্তীর বিরুদ্ধে মানিকতলা থানায় এফআইআর দায়ের করা হয়েছিল।

কলকাতা হাইকোর্টে এফআইআর খারিজের আবেদন জানিয়েছিলেন মিঠুন চক্রবর্তী। সেই আবেদন খারিজ হয়েছে এবং তদন্তে সহযোগিতা করার নির্দেশ দেওয়া হয়েছে তাকে। একুশের বিধানসভা নির্বাচনের প্রচার পর্বে 'মারব এখানে লাশ পড়বে শ্মশানে', 'এক ছোবলেই ছবি', 'জাত গোখরো'-র মতে সংলাপ বলতে শোনা গিয়েছিল মিঠুনকে। তদন্তকারী অফিসারদের প্রশ্নের উত্তরে মিঠুন জানিয়েছেন কোনও উসকানিমূলক মন্তব্য তিনি করেননি। ১৮ জুন ফের এই মামলার শুনানি রয়েছে।

## টুইটারের রক্ষাকবচ বাতিল করল কেন্দ্র

কেন্দ্র-টুইটার সংঘাতে অবশেষে হার হল সোশ্যাল মিডিয়া সাইটের। আইনি যুদ্ধে হেরে গেল টুইটার। এক কেন্দ্রীয় সরকারি আধিকারিকরা জানিয়েছেন, তথ্যপ্রযুক্তি আইনের ৭৯ ধারায় টুইটার আর আইনি রক্ষাকবচ পাবে না। এখন যদি টুইটারের বিরুধ্যে আদালতে মামলা হয়, তথ্যপ্রযুক্তি আইনের আওতায় সুরক্ষা পাবে না সংস্থাটি। জানা গিয়েছে, সাম্প্রদায়িক অশান্তিতে ইন্ধন জোগানোর অভিযোগেই টুইটারের আইনি রক্ষাকবচ কেড়ে নিল কেন্দ্র।

## আগস্ট থেকেই শুরু হবে দুয়ারে রেশন

**কলকাতা:** সম্ভবত আগামী আগস্ট মাস থেকেই শুরু হতে চলেছে দুয়ারে রেশন প্রকল্প। জেলাশাসকদের সঙ্গে বৈঠকে এমনটাই ইঙ্গিত দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পরীক্ষামূলক ভাবে চালু হলেও এই স্কিম এখনও রাজ্যের সর্বত্র চালু করা হয়নি।

নবান্ন সূত্রে খবর, খাদ্য দফতরের আধিকারিকদের উপস্থিতিতে জেলাশাসকদের সঙ্গে এই প্রকল্প চালু করা নিয়ে কথা বলেন মুখ্যমন্ত্রী। এই বৈঠকের আলোচনা থেকে উঠে আসে দুয়ারে রেশন প্রকল্প চালু করতে আরও দুই থেকে তিন মাস সময় লাগবে সরকারের। কারণ এখনও পর্যন্ত অনেকের আধার লিঙ্ক করা সম্ভব হয়নি। আর সেটা করতে আরও খানিকটা সময় লাগবে।

বিধানসভা নির্বাচনের প্রচারে ক্ষমতায় এলে এই 'দুয়ারে রেশন' প্রকল্প শুরু করার প্রতিশ্রুতি




দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাইলট প্রকল্পে প্রতিটি জেলায় একটি করে রেশন দোকান থেকে সংলগ্ন একটি পাড়া বা গ্রামে বাড়ি বাড়ি গিয়ে রেশন পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়। 'দুয়ারে রেশন' প্রকল্প নিয়ে রাজ্যের খাদ্য দফতরের প্রধান সচিবের সঙ্গে ফুড কমিশনারের বৈঠকের পরেই পাইলট প্রকল্প শুরু হয়।

# শুভেন্দুর জয়কে চ্যালেঞ্জ মমতার

**কলকাতা:** নন্দীগ্রামের ভোটের ফলাফল নিয়ে হাইকোর্টে মামলা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ২০২১-এর বিধানসভা নির্বাচনে নন্দীগ্রামে এবার পরাজিত হয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই নির্বাচনের ফলপ্রকাশে কারচুপি হয়েছিল বলে আগেই অভিযোগ এসেছিল তৃণমূলের তরফে। এবার নির্বাচনের ফল প্রকাশের প্রায় দেড় মাস পরে হাইকোর্টে মামলা দায়ের করলেন রাজ্যের মমতা বন্দ্যোপাধ্যায়।



২ মে রাজ্য বিধানসভা নির্বাচনের ফলাফল প্রকাশিত হয়। সেখানে নন্দীগ্রামে বিজেপির শুভেন্দু অধিকারীর কাছে ১৯০০ ভোটে হেরেছিলেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। ২ মে বিকালে এই নিয়ে চরম বিভ্রান্তি ছড়ায়। প্রথমে বিভিন্ন সংবাদমাধ্যমে সম্প্রচার হয় মমতা বন্দ্যোপাধ্যায় জিতে গিয়েছেন। পরে জানা যায় নন্দীগ্রামের ফল পুরোপুরি প্রকাশই হয়নি। যদিও নন্দীগ্রামের ফল প্রকাশে কারচুপি হয়েছে প্রথম থেকেই অভিযোগ করে এসেছে তৃণমূল। এবার তা নিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন তারা। বিধানসভা নির্বাচনের ফলাফলে তৃণমূলে ২১৩টি আসনে জয়ী হয়েছে। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় নিজের আসনে পরাজিত হয়েছেন। তৃতীয়বারের জন্য মুখ্যমন্ত্রী হিসাব শপথ নিলেও তিনি বিধায়ক নন। ফলে নিয়ম অনুযায়ী ৬ মাসের মধ্যে তাকে বিধায়ক হিসেবে জিতে আসতে হবে।

# বেসরকারি কেন্দ্রগুলিতে ভ্যাকসিন দেবার সর্বোচ্চ দাম বেঁধে দিল কেন্দ্র

**কলকাতা:** সোমবার দেশের টিকানীতিতে আমূল বদল করা হয়েছে। জাতির উদ্দেশে ভাষণে ১৪ জুন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘোষণা করেছেন, দেশের সব নাগরিককেই বিনামূল্যে টিকা দেওয়া হবে। দেশে উৎপাদিত ৭৫ শতাংশ টিকা কিনবে কেন্দ্রীয় সরকার আর বাকি ২৫ শতাংশ দেশের বেসরকারি হাসপাতাল ও টিকা কেন্দ্রগুলি কিনবে। কোভিড টিকার দাম হিসাবে সর্বোচ্চ ১৫০ টাকা পরিষেবা কর হিসাবে নিতে পারে বেসরকারি হাসপাতালগুলি। এই ঘোষণার ২৪ ঘণ্টার মধ্যেই বেসরকারি হাসপাতালগুলির জন্য কোভিশিল্ড, কোভ্যাক্সিন এবং স্পুটনিক ভি টিকার




সর্বোচ্চ দাম বেঁধে দিল কেন্দ্র। মঙ্গলবার কেন্দ্রের তরফে জানানো হয়েছে, বেসরকারি হাসপাতালে কোভিশিল্ড টিকার দাম পড়বে ডোজ প্রতি ৭৮০ টাকা, কোভ্যাক্সিন টিকার দাম ১,৪১০ টাকা এবং স্পুটনিক ভি টিকার দাম ১,১৪৫ টাকা। এই দামের মধ্যে পড়বে ১৫০ টাকা পরিষেবা-সহ ও অন্যান্য সমস্ত ট্যাক্স সার্ভিস চার্জও। এরপরে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে নির্দেশ দেওয়া হয়েছে বেসরকারি হাসপাতালগুলো ১৫০ টাকার বেশি পরিষেবা যাতে না নেয়। যেকোনো বেসরকারি হাসপাতাল অতিরিক্ত টাকা আদায় করলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

অন্যদিকে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর তরফে ঘোষণা করা হয়েছে যে ইতিমধ্যে ৪৪ কোটি টাকার জন্য অর্ডার দেওয়া হয়েছে। অপরদিকে ১৮ বছরের উর্দ্ধে বিনামূল্যে টিকাকরণের ঘোষণা করতেই টিকার সরবরাহ নিয়ে পরিসংখ্যান দিয়েছে কেন্দ্র। আগস্ট মাসের মধ্যেই সেই টাকা চলে আসবে কেন্দ্রের হাতে। স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছে , কেন্দ্রীয় সরকার টিকা সংগ্রহ করে রাজ্যগুলিকে দেবে তবে রাজ্যগুলিকে টিকা অপচয় নিয়ে সতর্ক থাকতে হবে। এরইমধ্যে ২৫ কোটি কোভিশিল্ড ও ১৯ কোটি কোভ্যাক্সিন রয়েছে। দেশের সামগ্রিক টিকাকরণের কাজে গতি আনতে এই সিদ্ধান্ত নিচ্ছে কেন্দ্র। একই সঙ্গে জানিয়ে দেওয়া হয়েছে আক্রান্তের সংখ্যা, জনসংখ্যার ভিত্তিতে কেন্দ্রীয় ও রাজ্য সরকার ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে টিকা সরবরাহ করবে।

## ব্ল্যাক ফাঙ্গাসে আক্রান্ত মহিলা পলাতক

**শিলিগুড়ি:** উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাপাতাল থেকে পালিয়ে গেল মিউকরমাইকোসিসে আক্রান্ত চিকিৎসাধীন এক রোগী। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে ওই মহিলার বাড়ি মুর্শিদাবাদে। তিনি ১৪ জুন মেডিক্যাল কলেজে ভর্তি হন। হাসপাতাল সূত্রে খবর, ওই রোগীর নাম তাহেরা বিবি। তিনি মুর্শিদাবাদ জেলার দেবীপুরের বাসিন্দা হলেও কাজের সুবাদে শিলিগুড়িতে থাকেন। ঘটনায় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

## আইসিআইসিআই প্রু-লাইফের সর্বাধিক বোনাস

আইসিআইসিআই প্রুডেন্সিয়াল লাইফ ইন্স্যুরেন্স ২০২১ অর্থবর্ষে ৮৬৭ কোটি টাকার বার্ষিক বোনাস দিচ্ছে পলিসিহোল্ডারদের। এত বেশি অঙ্কের বোনাস দেওয়া হচ্ছে এই প্রথম এবং এর পরিমাণ বিগত অর্থবর্ষের থেকে ১০% বেশি। ৩১ মার্চ ২০২১ পর্যন্ত যোগ্যতাসম্পন্ন সকল পলিসিহোল্ডার এই বোনাস পাবেন। এবার নিয়ে পরপর ১৫ বছর ধরে কোম্পানি বোনাস প্রদান করে আসছে। এবারে বোনাসের ফলে ৯.৮ লক্ষ পলিসিহোল্ডার উপকৃত হবেন। কোম্পানির ইতিহাসে এত বেশি টাকার বোনাস এই প্রথম বলে জানান আইসিআইসিআই প্রুডেন্সিয়াল লাইফ ইন্স্যুরেন্সের ম্যানেজিং ডিরেক্টর এন এস কান্নান।

## নিখরচায় মাইক্রোসফট টিমস

ওয়ার্কিং প্রফেশনালদের কাছে ইতিমধ্যেই এক অগ্রণী সলিউশন বলে বিবেচিত হচ্ছে চ্যাট ও কোলাবোরেশন প্লাটফর্ম 'মাইক্রোসফট টিমস'। এখন থেকে মাইক্রোসফট টিমসের মাধ্যমে যে কেউ অন্যদের সঙ্গে যোগাযোগ বজায় রাখতে পারবেন। এটি ব্যবহারের জন্য শুধু আইওএস, অ্যান্ড্রয়েড বা ডেস্কটপ অ্যাপ ডাউনলোড করে নিতে হবে। অন্যদের সঙ্গে খুবই সহজে ও তাড়াতাড়ি কথাবার্তা চালানোর জন্য এতে কিছু নতুন ফিচারও যোগ করা হয়েছে। এখন অসমীয়া ভাষাতেও মাইক্রোসফট টিমসের সব ফিচার ব্যবহার করা যাবে। প্রয়োজনে যেকোনও সময়ে আবার ইংরেজিতে ফিরে আসা যাবে। মাইক্রোসফট টিমসের মাধ্যমে যে কেউই ২৪ ঘন্টা ৩০০ জনের সঙ্গে কথা বলতে পারবেন। এজন্য ফোনের বিলের জন্য কোনও দুঃশ্চিন্তা করতে হবে না। এই অ্যাপে থাকা ফিচারগুলির মধ্যে রয়েছে ভিডিয়ো কলিং, টুগেদার মোড, চ্যাটিং ও পোলিং। সম্পূর্ণ বিনামূল্যে মাইক্রোসফট টিমস ডাউনলোড করা যাবে যে কোনও আইওএস বা অ্যান্ড্রয়েড ডিভাইসে।

## আন্তর্জাতিক যোগা দিবসের সঙ্গী অ্যালমন্ড

স্বাস্থ্যরক্ষা ও সুস্থ থাকার ব্যাপারে সার্বিক সচেতনতা গড়ার লক্ষ্যে প্রতিবছর ২১ শে জুন আন্তর্জাতিক যোগা দিবস পালন করা হয়ে থাকে। যোগা স্বাস্থ্যের ধারণাটিকে সংহত করে, যাতে অন্তর্ভুক্ত হয়েছে স্বাস্থ্যকর ডায়েট, শান্ত মন ও কর্মক্ষম শরীর। এবারের আন্তর্জাতিক যোগা দিবসে যোগা অনুশীলনের মাধ্যমে কর্মক্ষম থাকার সর্বোত্তম উপায়টির পরিপূরক হিসেবে গ্রহণ করা যেতে পারে একটি গুরুত্বপূর্ণ উপাদানকে, যা একটি স্বাস্থ্যকর ও পুষ্টিকর খাদ্য অ্যালমন্ড। দৈনন্দিন খাদ্যতালিকায় একটি ছোট্ট অথচ কার্যকরী পরিবর্তন একজন ব্যক্তির সামগ্রিক স্বাস্থ্য রক্ষায় ও যোগার প্রাত্যহিক রুটিনে সহায়তা করতে পারে। শুরু করার একটি ভাল উপায় হল খাবারে এক মুঠো অ্যালমন্ড যুক্ত করা, কারণ তা পুষ্টিকর নাস্তার বিকল্প এবং নিয়মিত গ্রহণে সামগ্রিক স্বাস্থ্যের উপর ইতিবাচক প্রভাব ফেলে। তাছাড়া, অ্যালমন্ড বিভিন্ন পুষ্টিগুণ যেমন ভিটামিন বি২, ম্যাগনেসিয়াম, ফসফরাস ইত্যাদিতে সমৃদ্ধ। দৈনন্দিন খাদ্যতালিকায় অ্যালমন্ড যোগ করার পক্ষে মত প্রকাশ করেছেন বলিউড অভিনেত্রী সোহা আলি খান, পুষ্টি ও সুস্বাস্থ্য বিষয়ক পরামর্শদাতা শীলা কৃষ্ণস্বামী, ফিটনেস এক্সপার্ট ও সেলিব্রিটি মাস্টার ইনস্ট্রাক্টর ইয়াসমিন করাচিওয়ালা, পাইলেটস বিশেষজ্ঞ এবং ডায়েট অ্যান্ড নিউট্রিশন পরামর্শদাতা মাধুরী রুইয়া, ম্যাক্স হেলথ কেয়ার দিল্লির আঞ্চলিক প্রধান (ডায়েটেটিক্স) ঋতিকা সমাদ্দার।

# পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক আর্থিক ফলাফল প্রকাশ করল

**নতুন দিল্লি:** ৩১ মার্চ ২০২১-এ সমাপ্ত ত্রৈমাসিক ও অর্থবর্ষের আর্থিক ফলাফল প্রকাশ করেছে পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক (পিএনবি)। অর্থবর্ষ'২১-এ পিএনবি'র নেট প্রফিট দাঁড়িয়েছে ২০২২ কোটি টাকায়। ইয়ার-অন-ইয়ার ভিত্তিতে এইসময়ে ব্যাংকের অপারেটিং প্রফিট ২৮.৪% বৃদ্ধি পেয়ে হয়েছে ২২৯৮০ কোটি টাকা এবং গ্রস গ্লোবাল বিজনেস পৌঁছেছে ১৮৪৫৭৩৯ কোটি টাকায়। ৩১ মার্চ ২০২১ অবধি পিএনবি'র ব্রাঞ্চের সংখ্যা ১০৭৬৯ ও এটিএম-এর সংখ্যা ১৩৭৮১। ২০২১-এর মার্চে ইয়ার-অন-ইয়ার ভিত্তিতে ব্যাংকের গ্লোবাল ডিপোজিট ৩.২৪% বেড়ে হয়েছে ১১০৬৩৩২ কোটি টাকা, যা ২০২০-এর মার্চে ছিল ১০৭১৫৬৯ কোটি টাকা। ইয়ার-অন-ইয়ার ভিত্তিতে ২০২১-এর মার্চে পিএনবি'র সেভিংস ডিপোজিট ১২.০% বেড়ে ৪১৭২৩৬ কোটি টাকা হয়েছে এবং রিটেল টার্ম ডিপোজিট ১৯.৫% বেড়ে ৫০৫৯৭৫ কোটি টাকা হয়েছে।

২০২১-ও মার্চের শেষে পিএনবি'র ডোমেস্টিক ডিপোজিট হয়েছে ১০৮৩৩৩৫ কোটি টাকা, যা ২০২০-এর মার্চে ছিল ১০৫৪২১৬ কোটি টাকা। ইয়ার-অন-ইয়ার ভিত্তিতে এই বৃদ্ধির হার ২.৭৬%। এইসময়ে ডোমেস্টিক বিজনেস হয়েছে ১৮০২৪৭৩ কোটি টাকা যা ২০২০-এর মার্চে ছিল ১৭৯৬১৬৮ কোটি টাকা। ২০২১-র মার্চে সিএএসএ (কারেন্ট অ্যাকাউন্ট অ্যান্ড সেভিংস অ্যাকাউন্ট) পৌঁছেছে ৪৯২৭৮২ কোটি টাকায়, যা আগের বছরের মার্চের ৪৪২৯৭১ কোটি টাকার থেকে ১১.২৪% বেশি।

২০২১ অর্থবর্ষের ৪র্থ ত্রৈমাসিকে নেট ইন্টারেস্ট ইনকাম ইয়ার-অন-ইয়ার ভিত্তিতে ১.৯% বৃদ্ধি পেয়ে ৬৯৩৮ কোটি টাকা হয়েছে এবং ২০২১ অর্থবর্ষে ১৭% বৃদ্ধি পেয়ে ৩০৪৭৭ কোটি টাকা হয়েছে। ২০২১ অর্থবর্ষের ৪র্থ ত্রৈমাসিকে টোটাল ইনকাম দাঁড়িয়েছে ২২৫৩২ কোটি টাকায় এবং ২০২১ অর্থবর্ষে তার পরিমাণ ৯৩৫৬২ কোটি টাকা।

# নিসান ইন্টেলিজেন্ট ওনারশিপ সাবস্ক্রিপশন প্ল্যান

**মুম্বই:** নিসান ইন্ডিয়া নিয়ে এলো 'নিসান ইন্টেলিজেন্ট ওনারশিপ সাবস্ক্রিপশন প্ল্যান'। এর মাধ্যমে নতুন নিসান ম্যাগনাইট, নিসান কিকস বা ডাটসুন রেডি-গো ক্রয় করা সহজতর হবে।




'ওরিক্স'-এর সঙ্গে যুক্ত হয়ে নিসান এই অভিনব সাবস্ক্রিপশন প্ল্যান এনেছে। এতে কোনও 'হিডন কস্ট' নেই। গ্রাহককে শুধু সাবস্ক্রিপশন প্ল্যানের গোড়ায় সামান্য ফেরৎযোগ্য সিকিউরিটি ডিপোজিট দিতে হবে এবং তারপর একটি নির্দিষ্ট পরিমাণ মাসিক ফী দিতে হবে, যার মেয়াদ পূর্বেই স্থির করে নেওয়া যাবে।

নিসান ইন্টেলিজেন্ট ওনারশিপ সাবস্ক্রিপশন প্ল্যানে রয়েছে জিরো ডাউন পেমেন্ট, জিরো সার্ভিস কস্ট, জিরো ইন্স্যুরেন্স কস্ট। এর আওতায় থাকছে ভেহিকেল ইন্স্যুরেন্স, রেজিস্ট্রেশন ফী, রোড ট্যাক্স, আরটিও এক্সপেন্স ও সকল মেইনটেন্যান্স কস্ট (শিডিউল্ড ও আনশিডিউল্ড রিপেয়ার, টায়ার ও ব্যাটারি রিপ্লেসমেন্ট, ২৪ ঘন্টা রোডসাইড অ্যাসিস্ট্যান্স ও পেপারওয়ার্কের ব্যয়-সহ)। প্রথম পর্যায়ে 'নিসান ইন্টেলিজেন্ট ওনারশিপ সাবস্ক্রপশন প্ল্যান' চালু হচ্ছে দিল্লি এনসিআর, হায়দ্রাবাদ ও চেন্নাইয়ে। একইসঙ্গে নিসান চালু করছে 'শপ@হোম' এন্ড-টু-এন্ড ডিজিটাল প্লাটফর্ম। এর দ্বারা গ্রাহকরা পাবেন 'কমপ্লিটলি কনট্যাক্টলেস কার বায়িং এক্সপিরিয়েন্স'।

# 'সাফাইসাথী'দের পাশে এইচসিসিবি

HINDUSTAN COCA-COLA BEVERAGES PVT. LTD.

**শিলিগুড়ি:** এবছরের বিশ্ব পরিবেশ দিবসে 'সাফাইসাথী'দের সাহায্যার্থে এগিয়ে এসেছে হিন্দুস্তান কোকা-কোলা বেভারেজেস (এইচসিসিবি) ও ইউএনডিপি। 'সাফাইসাথী' হল সেইসব স্যানিটেশন ওয়ার্কার যারা অতিমারি চলাকালীন সময়েও প্লাস্টিক বর্জ্য রিসাইকেলের জন্য সংগ্রহ চালিয়ে সাহায্য করে চলেছেন। বিগত ৩ বছর ধরে দেশের ৩০টি স্থানে বিভিন্ন পার্টনার এজেন্সি ও লোকাল গভর্নমেন্ট বডি'র সহযোগিতায় এইচসিসিবি ও ইউএনডিপি যৌথভাবে 'প্রোজেক্ট পৃথ্বী' নামে প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রোগ্রাম চালাচ্ছে। 'সাফাইসাথী'রা সেই প্রকল্পেরই কর্মীবাহিনী।

অতিমারির সময়ে এইচসিসিবি ও ইউএনডিপি ১৭০০০ জন 'সাফাইসাথী'-সহ ১০০০০০ মানুষের কাছে নানারকম অত্যাবশ্যক সামগ্রী যেমন সেফটি কিট, রেশন, স্বাস্থ্যসুরক্ষার সরঞ্জাম পৌঁছে দিয়েছে। হাইজিন ও সেফটি বিষয়ে ৩০টি শহরে মিউনিসিপ্যাল কমিশনার ও সিটি ইমপ্লিমেন্টিং পার্টনারদের সঙ্গে নিয়ে সচেতনতা অভিযানও চালিয়েছে এই দুই সংস্থা। ২০১৮ সালে শুরু হওয়া এইচসিসিবি'র প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রোগ্রাম নাগরিক, বিভিন্ন সামাজিক গোষ্ঠী, আর্বান লোকাল বডি, গভর্নমেন্ট ডিপার্টমেন্ট ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট সংক্রান্ত কাজ চালিয়ে আসছে। 'সাফাইসাথী'দের এই প্রকল্পের আওতায় এনে তাদের আর্থিক উন্নয়নের জন্য নানারকম উদ্যোগ গ্রহণ করা হয়েছে সেলফ-হেল্প গ্রুপের মাধ্যমে, যেমন ব্যাংকিং ও ইন্স্যুরেন্স স্কিম।

# প্রভা খৈতান ফাউন্ডেশনের উদ্যোগ



**গুয়াহাটি:** দ্য রাইট সার্কেলের ব্যবস্থাপনায় গুয়াহাটিতে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অভিনেতা কবীর বেদির আত্মজীবনী-নির্ভর ('স্টোরিজ আই মাস্ট টেল: দ্য ইমোশনাল লাইফ অফ অ্যান অ্যাক্টর') একটি আলোচনাচক্র অনুষ্ঠিত হল। এই অনুষ্ঠানে কবীর বেদির সঙ্গে আলোচনা করেন কলকাতার 'এহ্‌সাস' নারী শ্রীমতি নীলিমা আগরওয়াল। গুয়াহাটির এই প্রশ্নোত্তর-ভিত্তিক অধিবেশনে লেখক, আলোচক, সাহিত্য অনুরাগী ও সাংবাদিকতা জগতের বিশিষ্ট ব্যক্তিবর্গের সমাবেশ হয়েছিল। উল্লেখ্য, 'দ্য রাইট সার্কেল' হল প্রভা খৈতান ফাউন্ডেশনের একটি ইংরেজি সাহিত্য বিষয়ক উদ্যোগ।

কবীর বেদির আত্মজীবনীমূলক 'স্টোরিজ আই মাস্ট টেল: দ্য ইমোশনাল লাইফ অফ অ্যান অ্যাক্টর' গ্রন্থটিতে অভিনেতার বর্ণময় জীবন এবং বলিউড, হলিউড ও ইউরোপের অভিনয় জগতের বিভিন্নদিকে আলোকপাত করা হয়েছে। প্রসঙ্গত, বিশেষ আলোচনাসভা আয়োজনের মাধ্যমে প্রভা খৈতান ফাউন্ডেশনের উদ্যোগ 'দ্য রাইট সার্কেল' গ্রন্থকারদের নবতম সাহিত্যকর্মসমূহকে সাহিত্য অনুরাগী ও সংবাদ মাধ্যমের সামনে তুলে ধরার একটি মঞ্চ রূপে নিয়োজিত।

# টিন্ডার জেন জেড সদস্যদের মানসিক স্বাস্থ্য পরীক্ষা

**কলকাতা:** টিন্ডার ইন্ডিয়া জুলাই মাস পর্যন্ত 'ডিজিট হেলথ'-এর সহযোগিতায়, বিনামূল্যে মানসিক স্বাস্থ্য রিসোর্স সরবরাহ করছে। যার মধ্যে দেশের সমস্ত সদস্যদের থেরাপি সেশনের অ্যাক্সেস অন্তর্ভুক্ত রয়েছে। নতুন সদস্যরা টিন্ডার অ্যাপের মাধ্যমে মেডিটেশন শেখানো, ফিটনেস ভিডিও এবং আরও অনেক কিছু সহ ডিজিট হেলথের দ্বারা সংবেদনশীল মানসিক সুস্থতার সামগ্রীতে বিনামূল্যে অ্যাক্সেস পাবেন। প্রতিটি টিন্ডার সদস্যের ভারতীয় ভাষায় লাইসেন্স প্রাপ্ত থেরাপিস্টদের সাথে দুটি বিনামূল্যে সেশন অ্যাক্সেস থাকবে এবং প্রথম দুটি সেশনের পরে ছাড় প্রদত্ত হারে সহায়তা অব্যাহত থাকবে। উল্লেখ, সমস্ত টিন্ডার সদস্যের অর্ধেকেরও বেশি হলেন জেন জেড (১৮ থেকে ২৫ বছর বয়সী তরুণ প্রাপ্তবয়স্ক)।

"মহামারীটি আমাদের সকলের জন্য বিষয়টিকে দৃষ্টিভঙ্গিতে প্রভাব ফেলেছে। বিশেষত, আমাদের তরুণ সদস্যদের জন্য যারা তাদের জীবনের সমস্ত দিক জুড়ে একটি নিউ নরম্যালের সাথে মোকাবিলা করছে। শেষ কয়েক মাস ধরে উচ্চতর স্তরের শোক, মানসিক চাপ, উদ্বেগ এবং ক্ষতির সাথে মোকাবিলা করা প্রায় প্রত্যেকের কাছে কঠিন। আশা করি এই উদ্যোগের সাথে, আমাদের সদস্যরা এই মুহূর্তে স্বাচ্ছন্দ্য বোধ করেছে", জানিয়েছেন মিসেস তারু কাপুর, জেনারেল ম্যানেজার - টিন্ডার এবং ম্যাচ গ্রুপ।

# সম্পাদকীয়

## মুকুলের প্রত্যাবর্তন

অবশেষে বিজেপি ছেড়ে পুনরায় তৃণমূলে যোগ দিয়েছেন মুকুল রায় সঙ্গে নিয়ে গিয়েছেন ছেলে শুভ্রাংশুকেও। এবার তার সঙ্গ ধরেই যে বঙ্গ বিজেপিতে বড় ভাঙনও ধরবে, তাও আজ আর অস্পষ্ট নয়। যদিও দল ছেড়ে কেউ যাবে না বলেই আত্মবিশ্বাস বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষের। তিনি আরও দাবি করেছেন মুকুল থাকায় নাকি তেমন কোনও লাভই হয়নি বিজেপির।

২০২১-এর বিধানসভা নির্বাচনে তৃণমূল বড় ব্যবধানে জিতে তাদের অবস্থান আরও শক্ত করেছে। তবুও তারা মুকুলকে দলে ফিরে পেয়ে আনন্দিত। তৃণমূল কংগ্রেসের সূচনা থেকে দলের একটি অন্যতম গুরুত্ব পূর্ণ অংশ ছিলেন তিনি। এবার প্রশ্ন তৃণমূলে পুনরায় যোগ দেওয়ার পর দলে মুকুলের ভূমিকা কী থাকবে? মুকুল রায়কে সর্বভারতীয় ক্ষেত্রে ব্যবহার করতে চাইছে এ রাজ্যেও শাসকদল। বিজেপিতে মুকুল রায় সর্বভারতীয় সহ সভাপতি পদে ছিলেন, তৃণমূলে একই পদ পেয়েছেন তিনি। তৃণমূলে একসময় সর্বভারতীয় সাধারণ সম্পাদকের দায়িত্বে ছিলেন মুকুল। কিন্তু ২০১৭ সালে তাঁর তৃণমূল ছাড়ার পর সেই পদে নতুন করে কাউকে বসায় নি। তবে, এবার বিধানসভা ভোটে অসাধারণ সাফল্যের পর সর্বভারতীয় সাধারণ সম্পাদকের পদ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে দেওয়া হয়।

মমতার হাত ধরে দীর্ঘদিন রাজ্যসভার সাংসদ ছিলেন মুকুল। সামলেছেন বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ মন্ত্রকের দায়িত্বও। আর সেই সুত্রেই সর্বভারতীয় স্তরে মুকুলের পরিচিতি কাজে লাগবে তৃণমূল। ত্রিপুরাকে নিজের পরবর্তী লক্ষ্য রেখেছেন মমতা বন্দ্যোপাধ্যায় এবং ত্রিপুরায় মুকুল রায়ের বিশেষ প্রভাবও রয়েছে। জানা গিয়েছে, রাজ্য জিতে এবার কেন্দ্রে নরেন্দ্র মোদীকে সরানোর প্রতিজ্ঞা করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। আর তার জন্য সমস্ত বিরোধী দলকে একসূত্রে গাঁথার পরিকল্পনা করছেন তিনি।

# ছবিতে বিস্ময়

## জঙ্গলে ঘুমিয়ে হাতির দল



আকাশে মেঘের ডাক, জঙ্গলে বৃষ্টির ঝাপটা। যখন ক্লান্তি আসে তখন দুচোখ জুড়ে নেমে আসে ঘুম। মা-বাবা-ছানাপোনা সব লেপ্টে ঘুমে। এমনই বিরলতম ঘুমের ছবি দেখে চমকে যাচ্ছে দুনিয়া। ইউনান প্রদেশে তোলা হয়েছে হাতির পালের ঘুমের ছবি। এই প্রদেশের সংলগ্ন মায়ানমারের কাচিন ও সান প্রদেশ। দুই দেশের সীমান্ত এলাকার জঙ্গলে ১৫টি এশিয়ান হাতি দিনের পর দিন পাড়ি দিচ্ছে নিজের খেয়াল মতো। নির্দিষ্ট কোনো গন্তব্য নেই। এই হাতিদের উপর নজর রাখছেন চিনা বিশেষজ্ঞরা। আনুমানিক গত পনেরো মাস ধরে হেঁটে চলেছে হাতির এই পালটি। নিজেদের আস্তানা থেকে এভাবে এরা চলে এসেছে।

৫০০ কিলোমিটার দূরে। হাতির পালের এই যাত্রা চোখে চোখে রেখেছে চিন সরকার। ১৪টি ড্রোন এবং ৫০০ জনকে নিয়োগ করা হয়েছে হাতিগুলিকে নিরাপদ রাখছে। এরাই প্রতিদিন জানাচ্ছে হাতির গতিবিধি। বিভিন্ন আন্তর্জাতিক সংবাদ সংস্থার খবর, ইউনান প্রদেশের রাজধানী কুনমিংয়ের জিননিং জেলার কাছে ক্যামেরাবন্দি হয় হাতির পালের ঘুমের ছবি। সেই ছবি এখন বিশ্বজুড়ে আলোড়ন ফেলেছে। পনেরোটি হাতির মধ্যে বাচ্চা তিনটি। এদের দু'জন আবার দলছুট হয়েছে। হাতির পালের হামলায় কয়েকটি গ্রামের ফসল নষ্ট হয়েছে। কুনমিং শহরের উপরেও এরা হেঁটে তাক লাগিয়েছে। বিজ্ঞানীর ধারণা নিজেদের আস্তানা থেকে কোনো হাতির পালের এমন দীর্ঘ পথ পাড়ি দেওয়া খুবই বিরল ঘঁনা।

# জানুন বিটকয়েন বা ক্রিপ্টোকারেন্সি কী?

ক্রিপ্টোকারেন্সি হল সাঙ্কেতিক মুদ্রা বা ভার্চুয়াল মুদ্রা, যাতে সাধারণত সরকারের কোনও নিয়ন্ত্রণ থাকে না। বিটকয়েন (฿) বিশ্বের সর্বপ্রথম মুক্ত-সোর্স ক্রিপ্টোকারেন্সি যেটিকে বিকেন্দ্রিক ডিজিটাল মুদ্রা হিসেবে পরিচিতি দেয়া হয়। ২০০৯ সালে সাতোশি নাকামোতো ছদ্মনামে কোন এক ব্যক্তি বা গোষ্ঠী এই মুদ্রাব্যবস্থার প্রচলন করে যা পিয়ার-টু-পিয়ার মুদ্রা বলে অভিহিত হয়। সম্প্রতি ভারতে এই মুদ্রার লেনদেন নিষিদ্ধ করে আইনি জালে বেঁধে দেওয়া হয়েছে। কারণ, এই মুদ্রার কোনও নিয়ন্ত্রণ নেই বলেই এটিকে বিপজ্জনক মনে করছে দেশের প্রশাসন।



বিটকয়েনের লেনদেন হয় প্রেরক থেকে সরাসরি প্রাপকের কম্পিউটারে অনলাইনের ভিত্তিতে। এই লেনদেনগুলি সত্যাখ্যান করা হয় ক্রিপ্টোগ্রাফির মাধ্যমে এবং প্রকাশ্যে লিপিবদ্ধ করা হয় একটি খতিয়ানে যা সকলের কাছে বিতরিত হয়। এই উন্মুক্ত এবং বিতরিত খতিয়ানকে ব্লকচেইন বলা হয়। বিটকয়েন উৎপাদিত হয় মাইনিং এর মাধ্যমে যেখানে কম্পিউটারের প্রসেসিং ক্ষমতার ভিত্তিতে লেনদেন লিপিবদ্ধ এবং সত্যাখ্যান করা হয়। লেনদেন থেকে মোট কত বিটকয়েন উৎপাদিত হবে তা প্রতি চার বছর পরপর কমে যায়। এভাবে ২১৪০ সাল পর্যন্ত মোট ২,১০,০০,০০০ বিটকয়েন তৈরী হবে এবং পরবর্তীতে আর কোন নতুন বিটকয়েন তৈরী করা হবে না।

বিটকয়েনের লেনদেন হয় পিয়ার টু পিয়ার বা গ্রাহক থেকে গ্রাহকের কম্পিউটারে। বিটকয়েনের সমস্ত প্রক্রিয়া সম্পন্ন হয় অনলাইনে একটি উন্মুক্ত সোর্স সফটওয়্যারের মাধ্যমে। বিটকয়েন মাইনারের মাধ্যমে যে কেউ বিটকয়েন উৎপন্ন করতে পারে। বিটকয়েন উৎপন্ন হওয়ার সাথে সাথে এটি গ্রাহকের ডিজিটাল ওয়ালেটে সংরক্ষিত থাকে। এই সংরক্ষিত বিটকয়েন যদি গ্রাহক কর্তৃক অন্য কারও একাউন্টে পাঠানো হয় তাহলে এই লেনদেনের জন্য একটি স্বতন্ত্র ইলেক্ট্রনিক সিগনেচার তৈরী হয়ে যায় যা অন্যান্য মাইনার কর্তৃক নিরীক্ষিত হয় এবং নেটওয়ার্কের মধ্যে গোপন অথচ সুরক্ষিতভাবে সংরক্ষিত হয়। বিটকয়েন দিয়ে কোন পণ্য কেনা হলে তা বিক্রেতার একাউন্টে পাঠানো হয় এবং বিক্রেতা পরবর্তীতে সেই বিটকয়েন দিয়ে পুনরায় পণ্য কিনতে পারে, অপরদিকে সমান পরিমাণ বিটকয়েন ক্রেতার লেজার থেকে কমিয়ে দেওয়া হয়। প্রত্যেক চার বছর পর পর বিটকয়েনের মোট সংখ্যা পুনঃনির্ধারন করা হয় যাতে করে বাস্তব মুদ্রার সাথে সামঞ্জস্য রাখা যায়। বিটকয়েনকে অনেকে ফিউচার মানি হিসেবে মনে করে।

# ২০২৫ সালেই বন্ধ হচ্ছে Windows10!




মাইক্রোসফট জানিয়ে দিল ২০২৫ সালের ১৪ অক্টোবরের পর আর আর উইন্ডোজ ১০-এর কোনও নতুন আপডেট কিংবা সিকিউরিটি প্যাচ তারা আনবে না বাজারে। আসতে চলেছে Windows 11, তাদের নতুন টিজার থেকে পরিষ্কার শোনা যাচ্ছে উইন্ডোজ ১১-এর আগমনধ্বনি। উইন্ডোজ ১০ হোম, প্রো, প্রো ফর ওয়ার্কস্টেশনস ও প্রো এড়ুকেশন- সব ক'টিরই সাপোর্ট বন্ধ করে দিচ্ছে মাইক্রোসফট। সেই সঙ্গে জানানো হয়েছে, আগামী ২৪ জুন একটি ইভেন্ট অনুষ্ঠিত হবে। সেই অনুষ্ঠানে উইন্ডোজ সংক্রান্ত আগামী পরিকল্পনা নিয়ে মুখ খুলবে তারা। ভারতীয় সময় সন্ধে সাড়ে আটটায় শুরু হবে অনুষ্ঠানটি। সম্ভবত সেই অনুষ্ঠানেই আত্মপ্রকাশ ঘটবে উইন্ডোজ ১১-এর।

উইন্ডোজ ১০-এর আত্মপ্রকাশের পরে অবশ্য মাইক্রোসফট জানিয়েছিল, এটাই উইন্ডোজের শেষ ভার্শন। কিন্তু নিজেদের সেই সিদ্ধান্ত এবার বদলে ফেলতে চলেছে মাইক্রোসফট। মাইক্রোসফটের সিইও সত্য নাদেলা জানিয়ে দিয়েছেন, তাঁরা ওএস তথা অপারেটিং সিস্টেমের 'নতুন' জেনারেশনকে আনতে চলেছেন। এর আগে তাঁরা যত আপডেট এনেছেন, সবগুলিকে ছাপিয়ে যাওয়ার দাবিও করেছেন তিনি। তাঁর মতে এটাই হতে চলেছে 'উইন্ডোজের সবচেয়ে তাৎপর্যপূর্ণ আপডেট'। আপাতত ২৪ জুনের অনলাইন ইভেন্টের অপেক্ষায় টেকপ্রেমীরা। ওই দিনই উত্তর মিলবে নানা অজানা প্রশ্নের। উইন্ডোজ ৭-এর মতো উইন্ডোজ ১০ ২০২৫-এর পরেও টিকে থাকবে এমনটাই আশা করছেন অনেকে। সেই দিকে তাকিয়েই মনে করা হচ্ছে অন্তত আরও কিছুটা বাড়বেই এই ওএস-এর আয়ু। মাইক্রোসফট নতুন অপারেটিং সিস্টেমের সঙ্গে মানিয়ে নেওয়ার জন্য আরেকটু সময় দেবে গ্রাহকদের।

# করোনায় আক্রান্ত হলে কি প্রয়োজন নেই টিকাকরণের?

একদল জনস্বাস্থ্য বিশেষজ্ঞ পরামর্শ দিচ্ছেন যে, করোনায় আক্রান্ত হলে আর প্রয়োজন নেই টিকাকরণের। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের গাইডলাইন অনুযায়ী, যাঁরা করোনায় আক্রান্ত হয়েছেন তাঁদের অন্তত ৩ মাস অপেক্ষা করা উচিত ভ্যাকসিন নেওয়ার জন্য। চিকিৎসকদের দাবি, মানব দেহে উচ্চ রোগ প্রতিরোধক ক্ষমতা তৈরি হয় করোনা নেগেটিভ রিপোর্ট আসার পর থেকে। কারণ ওই সময় শরীরে অ্যান্টিবডির সংখ্যা বাড়তে থাকে। সেটা ৯০ থেকে ১২০ দিন পর্যন্ত স্থায়ী হয়। স্বাভাবিকভাবেই সংক্রমণের বিরুদ্ধে লড়াই করা একজন ব্যক্তির শরীরে কিছুটা প্রতিরোধ ক্ষমতা বাড়ে। আবার কিছু ক্ষেত্রে প্রতিরোধ ক্ষমতা স্থায়ীও হতে পারে। করোনা টিকা দেহে কৃত্রিম ভাবে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সাহায্য করে।




১) করোনার দ্বিতীয় ঢেউতে ইতিমধ্যেই দ্বিতীয়বার করোনা আক্রান্ত হওয়ার বেশ কয়েকটি ঘটনা উঠে এসেছে। ভ্যাকসিনের একটি বা দুটি ডোজ নেওয়ার পরেও করোনা আক্রান্ত হলে তার বিপদের সম্ভাবনা কিছুটা কম থাকে। তবে এর কোনও নিশ্চয়তা নেই যে ভ্যাকসিন নেওয়ার পরে কেউ নতুন করে করোনা আক্রান্ত হবেন না।

২) পুনরায় সংক্রমিত হওয়ার ব্যাপারে ল্যান্সেটের গবেষণা বলছে, প্রথম বার সংক্রমিত হওয়ার থেকে ১০ মাস পর্যন্ত নতুন করে সংক্রমিত হওয়ার ঝুঁকি কম থাকে। ইউনিভার্সিটি কলেজ লন্ডন যাঁরা একবার সংক্রমিত হয়েছে তাঁদের এবং যাঁরা হয়নি তাঁদের অ্যান্টিবডির উপর একটি সমীক্ষা চালিয়ে এই সিদ্ধান্তে উপনীত হয়।

৩) ভারতের বিশেষজ্ঞদের রিপোর্ট অনুযায়ী, একবার করোনায় সংক্রমিত ব্যক্তির উপর ভ্যাকসিন কতটা কার্যকরী তার যথেষ্ট তথ্য নেই। রিপোর্ট বলছে, "যাঁরা করোনা আক্রান্ত হয়েছে একবার তাঁদের আর টিকার প্রয়োজন নেই। সংক্রমণের পরেও টিকা দিলে তা কার্যকরী হবে, গবেষণায় এমন উঠে এলে তাঁদের টিকা দেওয়া যেতে পারে"।

৪) ভ্যাকসিন দেওয়ার মূল উদ্দেশ্যই হলো সংক্রমণের প্রভাব যাতে নিয়ন্ত্রণে রাখা যায়। যাঁরা একবার আক্রান্ত হয়েছেন, তাঁদের থেকে অগ্রাধিকার দেওয়া উচিত যাঁদের একবারও হয়নি। কারণ যাঁরা একবার সংক্রমিত হয়েছে তাঁদের শরীরে প্রাকৃতিক ভাবেই তৈরি হয়েছে অ্যান্টিবডি। ভারতের এই জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের রিপোর্ট এমনই দাবি করছে।

যাঁরা সংক্রমিত হয়েছেন, যাঁরা দুবার সংক্রমিত হয়েছেন, টিকা নেওয়ার পরেও যাঁরা সংক্রমিত হয়েছেন তাঁদের নিয়ে আরও গবেষণা প্রয়োজন। আরও ভালো করে এই গবেষণা থেকে ফলাফল পেতে অনবরত সমীক্ষা প্রয়োজন।

## বুম-এর কোভিড-১৯ ওয়ার্কশপ

ভারতের প্রথম ও অগ্রণী 'ফ্যাক্ট-চেকিং ইনিশিয়েটিভ' বুম লাইভ কোভিড-১৯ সচেতনতার জন্য লঞ্চ্ করল সিনিয়র সিটিজেন ওয়ার্কশপ এবং পাঁচটি স্বল্পদৈর্ঘ্যের তথ্যচিত্র। এসবের উদ্দেশ্য হল কোভিড-১৯ সংক্রান্ত যথাযথ আচরণ অনুসরণ করা।

যখন পৃথিবী করোনা ভাইরাসের বিরুদ্ধে লড়ছে, তখন পরিবেশ তথ্য-ভারাক্রান্ত হচ্ছে ডিজিটাল ও ব্যবহারিক ক্ষেত্রে। ফলে আস্থার অভাব ও ধোঁয়াশার সৃষ্টি হচ্ছে। প্রবীণ নাগরিকরা প্রযুক্তিগত ও সচেতনতার নানাবিধ বাধার ফলে সবথেকে বেশি বিপদগ্রস্থ হচ্ছেন। তথ্য সংক্রান্ত এই সমস্যা হ্রাস করতে সিনিয়র সিটিজেন ফোরাম, বিভিন্ন সংস্থা ও সমিতির সঙ্গে হাত মিলিয়ে বুম 'ফ্রী অনলাইন ওয়ার্কশপ' সংগঠিত করার উদ্যোগ নিয়েছে, যার নাম দেওয়া হয়েছে 'ইনফর্মেশন ওভারলোড ইন টাইমস অফ কোভিড-১৯'। এর লক্ষ্য হল প্রবীণ নাগরিকদের সংবাদ, মতামত, প্রচারণা ও বিশ্লেষণের মধ্যে পার্থক্য বিষয়ে অবহিত করা।

এছাড়াও বুম পাঁচটি স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্রের একটি সিরিজ লঞ্চ্ করেছে, যা বিশেষকরে প্রবীণ নাগরিকদের মধ্যে কোভিড-১৯ বিষয়ক সঠিক আচরণবিধি বিষয়ে সচেতনতা গড়ে তুলবে। বুম আয়োজিত ওয়ার্কশপগুলিতে বুম লাইভের ডিরেক্টর (ট্রেনিং অ্যান্ড রিসার্চ) এইচ আর ভেঙ্কটেশের নেতৃত্বাধীন একটি ফ্যাক্ট-চেকার্স টিম ব্যাখ্যা করবে মিসইনফর্মেশন, ডিসইনফর্মেশন ও আনভেরিফায়েড নিউজ কি, এবং এইরকম সংবাদের পেছনের কারণ ও ইনফর্মেশন ওভারলোডের প্রকৃতি কেমন।

## ইন্ডিয়াফার্স্ট লাইফের 'মাইক্রো বচত প্ল্যান'

ব্যাংক অফ বরোদা ও ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়ার যৌথ উদ্যোগ ইন্ডিয়াফার্স্ট লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি নিয়ে এলো 'মাইক্রো বচত প্ল্যান'। এই নন-লিংকড, পার্টিসিপেটিং, লিমিটেড পে, মাইক্রো-লাইফ ইন্স্যুরেন্স পলিসি বীমাকারীকে দুইরকম সুবিধা দেবে, সিকিউরিটি ও ডিসিপ্লিনড সেভিংস। প্রতিযোগিতামূলক মূল্য ও 'লো প্রিমিয়াম সাইজ' বিশিষ্ট এই প্ল্যান সিকিউরিটি ও সেভিংসের নিশ্চয়তা প্রদানের ক্ষেত্রে বিনিয়োগকারীর আদর্শ পছন্দ বলে বিবেচিত হবে। কোনও দুঃখজনক ঘটনার ক্ষেত্রে বীমাকারীর পরিবারকে এই প্ল্যান আর্থিক সহায়তা দেবে ও একটি প্রিমিয়াম বাদ গেলেও 'কনস্ট্যান্ট লাইফ কভার'-এর সুবিধা প্রদান করবে। লিকুইডিটির প্রয়োজনের কথা বিবেচনা করে এই পলিসির 'লোন ফ্যাসিলিটি' গ্রহণ করা যাবে, ৫ বছর অবধি 'শর্টার পে কমিটমেন্ট'-সহ। ইন্ডিয়াফার্স্ট লাইফ মাইক্রো বচত প্ল্যান লোন ফ্যাসিলিটি চলাকালীন বীমাকারীর লিকুইডিটির প্রয়োজনের দিকে দৃষ্টি রাখে।

# অভাবীদের মধ্যে রেশন বিলি করল এইচসিসিবি




**শিলিগুড়ি:** ভারতের অন্যতম অগ্রণী এফএমসিজি কোম্পানি এইচসিসিবি জলপাইগুড়ির রাণিনগরে অভাবী গ্রামবাসীদের মধ্যে বিনামূল্যে রেশন সামগ্রী বন্টন করল। এনজিও পার্টনার রাষ্ট্রীয় গ্রামীণ বিকাশ নিধির সহায়তায় ও ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটির (জলপাইগুড়ি) সহযোগিতায় এই কর্মসূচি রূপায়িত হয়। এইচসিসিবি'র দেশব্যাপী 'কোভিড কেয়ার' প্ল্যানের অঙ্গ এই উদ্যোগ। অক্সিজেন সরবরাহের সঙ্কট হ্রাস করতে এইচসিসিবি ইতিমধ্যেই দেশের বিভিন্ন স্থানে অক্সিজেন কনসেন্ট্রেটর বিতরণ করছে। এছাড়া কোম্পানির তরফে দেশের বিভিন্ন হাসপাতালে ভেন্টিলেটর, আইসিইউ বেড, আইসিইউ সরঞ্জাম, বাইপাপ মেশিন ও অন্যান্য অত্যাবশ্যক চিকিৎসা সরঞ্জাম বিতরণ করছে এইচসিসিবি।

# সোনির নতুন টিভি সিরিজ: ব্রাভিয়া এক্স৯০জে



**কলকাতা:** সোনি ইন্ডিয়া নিয়ে এসেছে বিশ্বের প্রথম কগনিটিভ ইন্টেলিজেন্স-যুক্ত টিভি - ব্রাভিয়া এক্স৯০জে টেলিভিশন সিরিজ। এই টিভি মানুষের মস্তিষ্কের মতো চিন্তাশক্তি সম্পন্ন। নতুন এক্সআর৯০জে সিরিজ পাওয়া যাবে ১৮৯সিএম (৭৫), ১৬৫সিএম (৬৫) ও ১৪০সিএম (৫৫) সাইজে। সোনির নতুন টিভি (মডেল এক্সআর-৫৫-এক্স৯০জে) ১০ জুন থেকে পাওয়া যাবে ১৩৯,৯৯০ টাকায়।

এই টিভিতে থাকা কগনিটিটিভ প্রসেসর এক্সআর মানুষের মতো বুদ্ধিমত্তা ব্যবহার করে দর্শকের ফোকাল পয়েন্ট চিহ্নিত করতে পারে। এই নতুন টিভিতে রয়েছে ফুল অ্যারে এলইডি প্যানেল, এক্সআর ট্রিলুমিনস প্রো ও এক্সআর কনট্রাস্ট বুস্টার। ব্রাভিয়া এক্স৯০জে টিভিতে গুগল টিভি ব্যবহারের মাধ্যমে ৭০০,০০০টিরও বেশি মুভি ও টিভি এপিসোড দেখা যাবে। দর্শকদের শুধু টিভিকে তাদের পছন্দের কথা বলতে হবে। এজন্য টিভির রিমোটের প্রয়োজন হবেনা।

# ওয়ানপ্লাস নর্ড সিই ৫জি স্মার্টফোন

**মুম্বাই:** গ্লোবাল টেকনোলজি ব্র্যান্ড ওয়ানপ্লাস একটি নতুন স্মার্টফোন নিয়ে এসেছে, ওয়ানপ্লাস নর্ড সিই ৫জি (কোর এডিশন)। এই ফোনে রয়েছে ৯০ হার্টজ ফ্লুইড আমোলেড ডিসপ্লে, পাওয়ারফুল স্ন্যাপড্রাগন ৭৫০জি ৫জি প্রসেসর, 'ফাস্ট অ্যান্ড স্মুথ' অক্সিজেনওএস ১১, ওয়ার্প চার্জ ৩০টি প্লাস টেকনোলজি-যুক্ত ৪৫০০এমএএইচ ব্যাটারি, ৬৪এমপি মেইন ক্যামেরা ও ১৬এমপি ফ্রন্ট ক্যামেরা-সহ ট্রিপল রিয়ার ক্যামেরা সেট-আপ। এই ফোনটির থিকনেস মাত্র ৭.৯এমএম ও এর ওজন ১৭০গ্রাম।




১৬ জুন থেকে ওয়ানপ্লাস নর্ড সিই ৫জি স্মার্টফোনটি পাওয়া যাবে অ্যামাজন-ডট-ইন ও ওয়ানপ্লাস-ডট-ইন থেকে। এটির দাম: ৬জিবি/১২৮জিবি (চারকোল ইঙ্ক), ২২৯৯৯ টাকা, ৮জিবি/১২৮জিবি (ব্লু ভয়েড, চারকোল ইঙ্ক), ২৪৯৯৯ টাকা ও ১২জিবি/২৫৬জিবি (ব্লু ভয়েড, চারকোল ইঙ্ক, সিলভার রে), ২৭৯৯৯ টাকা। ওয়ানপ্লাস নর্ড সিই ৫জি (সিলভার রে) ২৩ জুন থেকে পাওয়া যাবে অ্যামাজন-ডট-ইন, ওয়ানপ্লাস-ডট-ইন, ওয়ানপ্লাস স্টোরসমূহ ও নির্বাচিত অফলাইন পার্টনারদের কাছে।


# বোকারোতে বেদান্ত গ্রুপের সেবামূলক উদ্যোগ



**কলকাতা:** বেদান্ত চেয়ারম্যান অনিল আগরওয়ালের উপস্থিতিতে বেদান্ত গ্রুপের কোম্পানি ইএসএল স্টিলের ১০০ শয্যাবিশিষ্ট কোভিড হাসপাতালের ভার্চুয়াল উদ্বোধন করলেন ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন। বোকারোয় ১০০ শয্যাবিশিষ্ট বেদান্ত কেয়ার্স ফিল্ড হসপিটালে অত্যাধুনিক চিকিৎসা ব্যবস্থা রাখা হয়েছে। বোকারো সদর হাসপাতালের এক্সটেনশন হিসেবে কাজ করবে এই হাসপাতালটি।

ঝাড়খন্ডের বোকারোতে হাসপাতালটি স্থাপনের মাধ্যমে বেদান্ত মোট পাঁচটি বেদান্ত কেয়ার্স ফিল্ড হসপিটাল তৈরি করল, দিল্লি এনসিআর, নয়া রাইপুর (ছত্তিশগড়), বার্মার (রাজস্থান), চিত্রদুর্গা (কর্ণাটক) ও বোকারো (ঝাড়খন্ড)। কোম্পানি দেশের বিভিন্ন স্থানে ১০০০ কোভিড-কেয়ার শয্যাবিশিষ্ট এরকম মোট ১০টি ফিল্ড হসপিটাল স্থাপন করবে। বোকারোর হাসপাতাল উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্যমন্ত্রী বান্না গুপ্তা, সাংসদ পিএন সিং, সেইল ডিরেক্টর (ভারপ্রাপ্ত) অমরেন্দু প্রকাশ, ডাঃ অশোক পাঠক, বেদান্ত আয়রন অ্যান্ড স্টিল বিজনেসের সিইও সৌভিক মজুমদার ও ইএসএল স্টিলের সিইও এনএল ভাট্টে।

# জেফ্রি আর্চারের নতুন বই




**গুয়াহাটি:** উত্তরপূর্বাঞ্চলে প্রকাশিত হল লর্ড জেফ্রি আর্চারের নতুন বই 'টার্ন আ ব্লাইন্ড আই'। প্রভা খৈতান ফাউন্ডেশন আয়োজিত 'কিতাব' অনুষ্ঠানের মধ্য দিয়ে এই নতুন বইটি পাঠকদের সামনে আনা হয়েছে। সুলেখক জেফ্রি আর্চারের উইলিয়াম ওয়ারউইক সিরিজের তৃতীয় গ্রন্থ 'টার্ন আ ব্লাইন্ড আই'। যারা জেফ্রি আর্চারের লেখার ভক্ত তাদের কাছে 'টার্ন আ ব্লাইন্ড আই' বইটির প্রকাশ একটি আনন্দ সংবাদ।

উৎসাহী সাহিত্যপ্রেমী ও সংবাদ মাধ্যমের সামনে লেখকদের নতুন সাহিত্যকর্ম তুলে ধরার একটি মঞ্চ হিসেবে কাজ করে প্রভা খৈতান ফাউন্ডেশনের 'কিতাব'। প্রভা খৈতান ফাউন্ডেশনের কমিউনিকেশন অ্যান্ড ব্র্যান্ডিং চিফ মনীষা জৈন বলেন, 'কিতাব' উদ্যোগের মাধ্যমে প্রভা খৈতান ফাউন্ডেশন দেশের বিভিন্ন স্থানে সাহিত্য বিষয়ক অধিবেশনের আয়োজন করে থাকে। এবার তারা লর্ড জেফ্রি আর্চারের উইলিয়াম ওয়ারউইক সিরিজের এক জমজমাট নতুন ক্রাইম থ্রিলার 'টার্ন আ ব্লাইন্ড আই' নিয়ে এলেন সকলের সামনে।

# নিসান ও ডাটসুন এবার সিএসডি'র মাধ্যমেও




গুয়াহাটি: নিসান ও ডাটসুনের সব প্রোডাক্ট এখন থেকে ক্যান্টিন স্টোর ডিপার্টমেন্ট (সিএসডি) থেকে কেনা যাবে। প্রতিরক্ষা বাহিনীর সদস্যরা এখন থেকে সিএসডি অনুমোদিত সবরকম ডিসকাউন্ট ও অফার-সহ এই সুবিধা নিতে পারবেন।

নিসান মোটর ইন্ডিয়ার ম্যানেজিং ডিরেক্টর রাকেশ শ্রীবাস্তব জানান, প্রতিরক্ষা বাহিনীর জন্য এরকম সুবিধা দিতে পেরে তারা আনন্দিত। এসইউভি সেগমেন্টের গেমচেঞ্জার অল-নিউ নিসান ম্যাগনাইট-সহ নিসান ও ডাটসুনের সকল প্রোডাক্ট পাওয়া যাবে সিএসডি'র মাধ্যমে।

সিএসডি সুবিধাপ্রাপ্তরা প্রতিরক্ষা বাহিনীর সদস্যরা অনলাইনে গাড়ি কিনতে পারবেন। তারা গাড়ি নির্বাচন করা, ডিলার ডকুমেন্ট আপলোড করা, অনলাইনে পছন্দের গাড়ি বুক করা, সিএসডি অফার গ্রহণ করা ইত্যাদি নিসান ডিজিটাল প্লাটফর্ম 'শপ@হোম' থেকে করতে পারবেন। এমনকী অনলাইনে ক্রয়ের সবরকম প্রক্রিয়া সমাপ্ত করার পর ক্রেতারা ডিলারশিপে গিয়ে দামও মেটাতে পারবেন।

# বুম-এর কোভিড-১৯ ওয়ার্কশপ

**কলকাতা:** ভারতের প্রথম ও অগ্রণী 'ফ্যাক্ট-চেকিং ইনিশিয়েটিভ' বুম লাইভ কোভিড-১৯ সচেতনতার জন্য লঞ্চ্ করল সিনিয়র সিটিজেন ওয়ার্কশপ এবং পাঁচটি স্বল্পদৈর্ঘ্যের তথ্যচিত্র। এসবের উদ্দেশ্য হল কোভিড-১৯ সংক্রান্ত যথাযথ আচরণ অনুসরণ করা।

যখন পৃথিবী করোনা ভাইরাসের বিরুদ্ধে লড়ছে, তখন পরিবেশ তথ্য-ভারাক্রান্ত হচ্ছে ডিজিটাল ও ব্যবহারিক ক্ষেত্রে। ফলে আস্থার অভাব ও ধোঁয়াশার সৃষ্টি হচ্ছে। প্রবীণ নাগরিকরা প্রযুক্তিগত ও সচেতনতার নানাবিধ বাধার ফলে সবথেকে বেশি বিপদগ্রস্থ হচ্ছেন। তথ্য সংক্রান্ত এই সমস্যা হ্রাস করতে সিনিয়র সিটিজেন ফোরাম, বিভিন্ন সংস্থা ও সমিতির সঙ্গে হাত মিলিয়ে বুম 'ফ্রী অনলাইন ওয়ার্কশপ' সংগঠিত করার উদ্যোগ নিয়েছে, যার নাম দেওয়া হয়েছে 'ইনফর্মেশন ওভারলোড ইন টাইমস অফ কোভিড-১৯'। এর লক্ষ্য হল প্রবীণ নাগরিকদের সংবাদ, মতামত, প্রচারণা ও বিশ্লেষণের মধ্যে পার্থক্য বিষয়ে অবহিত করা।

এছাড়াও বুম পাঁচটি স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্রের একটি সিরিজ লঞ্চ্ করেছে, যা বিশেষকরে প্রবীণ নাগরিকদের মধ্যে কোভিড-১৯ বিষয়ক সঠিক আচরণবিধি বিষয়ে সচেতনতা গড়ে তুলবে। বুম আয়োজিত ওয়ার্কশপগুলিতে বুম লাইভের ডিরেক্টর (ট্রেনিং অ্যান্ড রিসার্চ) এইচ আর ভেঙ্কটেশের নেতৃত্বাধীন একটি ফ্যাক্ট-চেকার্স টিম ব্যাখ্যা করবে মিসইনফর্মেশন, ডিসইনফর্মেশন ও আনভেরিফায়েড নিউজ কি, এবং এইরকম সংবাদের পেছনের কারণ ও ইনফর্মেশন ওভারলোডের প্রকৃতি কেমন।

মালদা

# মালদায় মায়ের সম্ভ্রম রক্ষা করতে গিয়ে আক্রান্ত ছেলে

**নিজস্ব প্রতিবেদন:** প্রকাশ্য রাস্তায় ছিনতাইকারীদের হামলায় আক্রান্ত হলেন মা ও ছেলে। ছিনতাইকারীদের হাতে থেকে মায়ের সম্মান বাঁচাতে গিয়ে হামলার শিকার হয়েছেন ছেলে। দুজনেরই চিকিৎসা করানো হয়েছে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে। ১৪ জুন রাতে ঘটনাটি ঘটেছে মালদা শহরে বাহানু বিঘা এলাকায়। এই ঘটনার পর ১৫ জুন সকালে আক্রান্ত ওই মহিলা ছেলেকে নিয়ে ইংরেজবাজার থানায় এসে ছিনতাইকারীদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছেন। পুরো ঘটনাটি নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, আক্রান্ত মহিলার নাম দীপ্তি কর্মকার (৪৫) এবং তার ছেলে রমেন কর্মকার (১৮)।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে ১৪ জুন রাতে কাজ সেরে বাড়ি ফিরছিলেন রমেন কর্মকার। সে সময় ছিনতাইয়ের উদ্দেশ্যে কয়েকজন দুষ্কৃতী তার রাস্তা আটকায়। এরপর টাকা, মোবাইল কেড়ে নেওয়ার চেষ্টা করে দুষ্কৃতীরা বলে অভিযোগ। ওই যুবকের বাড়ির সামনে ঘটনাটি ঘটে। ছেলের চিৎকার শুনে ছুটে আসেন তার মা। কিন্তু দুষ্কৃতীরা দু'জনকেই লোহার রড দিয়ে ব্যাপক মারধর করে বলে অভিযোগ। এই ঘটনার পর আক্রান্তদের চিৎকার শুনে আশেপাশের লোকজন ছুটে আসলে হামলাকারীরা ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

আক্রান্ত রমেন কর্মকার জানিয়েছেন, বাড়ি ফেরার সময় কিছু মদ্যপ দুষ্কৃতী তার কাছ থেকে টাকা ও মোবাইল ছিনিয়ে নেওয়ার চেষ্টা করছিল। বাড়ির সামনে এই ঘটনাটি ঘটেছিল। তার চিৎকার শুনে তার মা ছুটে আসেন। কিন্তু তাদেরকে প্রকাশ্যে রাস্তায় পিটিয়ে মারার চেষ্টা করে দুষ্কৃতীরা। পরে এলাকার মানুষের তৎপরতায় তারা প্রাণে রক্ষা পায়।

ইংরেজবাজার থানার আইসি মদন মোহন রায় জানিয়েছেন, ওই মহিলা ও ছেলের মারধর ও ছিনতাইয়ের ঘটনায় অভিযোগ দায়ের হয়েছে। পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করা হয়েছে, অভিযুক্তদের খোঁজ চালানো হচ্ছে।

দার্জিলিং

# করোনার জাল রিপোর্ট তৈরি করার অভিযোগে শিলিগুড়িতে গ্রেফতার এক

**শিলিগুড়ি:** করোনা পরিস্থিতিতে এক চাঞ্চল্য কর ঘটনা সামনে এলো শহর শিলিগুড়িতে। কোভিড টেস্ট রিপোর্টের নামে জালিয়াতি শহরে। শিলিগুড়ি মাটিগাড়ার এক বাসিন্দা শিলিগুড়ির একটি ল্যাবে কাজ করতো। বেশ কিছুদিন আগেই সেখান থেকে বরখাস্ত করা হয় তাকে। কিন্তু তারপরও সেই ল্যাবের নাম করে মানুষের বাড়িতে গিয়ে করোনা স্যাম্পল কালেক্ট করে তারপর ক্যাফেতে বসে জাল রিপোর্ট বানিয়ে টাকা আদায় করত বলে অভিযোগ। এর পাশাপাশি আরো অভিযোগ শুধু করোনা নয় আরও নানান রকম রোগের জাল রিপোর্ট তৈরি করে টাকা আদায় করত অভিযুক্ত ব্যক্তি। ১৫ জুন রাতে শিলিগুড়ি সেবক রোড এর এক বাসিন্দার অভিযোগের ভিত্তিতে সেবক রোড থেকে অভিযুক্তকে আটক করে শিলিগুড়ি থানার অধীন পানিট্যাঙ্কি ফাঁড়ির পুলিশ।

মালদা

# সোনার দোকান থেকে মহিলার ব্যাগ কেটে টাকাসহ মোবাইল ফোন চুরি

**মালদা:** সোনার দোকানে সোনা কিনতে এসে এক মহিলার ব্যাগ থেকে টাকাসহ মোবাইল ফোন চুরি হয়ে যায়। ঘটনার পরই ওই মহিলা ইংরেজবাজার থানায় বিষয়টি জানায়। পুলিশ সোনার দোকানের সিসিটিভি ফুটেজ দেখে তদন্তে নেমে অভিযুক্ত চোরকে ইংরেজবাজার শহরের পুরাটুলি এলাকা থেকে ধওে ফেলে। ১৬ জুন দুপুরে ইংরেজবাজার থানার পুলিশ ওই মহিলার হাতে টাকাসহ মোবাইল ফোন তুলে দেয়। জানা যায় ইংরেজবাজার থানার অমৃতি এলাকার বাসিন্দা সাবিনা খাতুন শহরের বি এস রোড এলাকার একটি সোনার দোকানে সোনা কিনতে যায়। হঠাৎই তার ব্যাগে চেইন কাটা দেখতে পায় এবং তার ব্যাগ থেকে ১১ হাজার টাকা নগদ ও মোবাইল ফোন চুরি হয়ে যায়। বিষয়টি ইন্দিগো থানার পুলিশকে জানালে পুলিশ সিসিটিভি ফুটেজ দেখে তদন্তে নেমে অভিযুক্ত ওই চোরকে গ্রেফতার করে। ধৃতের নাম দেবাশীষ রায় বাড়ি ইংরেজবাজার শহরের পুরাটুলি এলাকায়। অভিযুক্তকে ১৬ জুন মালদা জেলা আদালতে পেশ করে থানার পুলিশ।

কোচবিহার

# শীতলকুচি কাণ্ডে আরও তৎপর হয়ে উঠল সিআইডি

**কোচবিহার:** একুশে বিধানসভা ভোট আবহে ঘটেছিল এই দুর্ঘটনা। নির্বাচনের ফল প্রকাশের পরে এখনো চলছে তার সত্যতার অভিযান। শীতলকুচি গুলিকাণ্ডের তদন্তে তৎপরতা আরও বাড়াল রাজ্য। ১৬ জুন নয়া মোড় নিল শীতলকুচি কাণ্ড। শীতলকুচিতে গুলিকাণ্ডে এবার কোচবিহারের প্রাক্তন পুলিশ সুপারকে তলব করল সিআইডি। আগামী ১৮ তারিখ বেলা ১১টা নাগাদ তাঁকে ডেকে পাঠানো হয়েছে ভবানীভবনে। শীতলকুচিতে যখন কেন্দ্রীয় বাহিনীর গুলিতে চারজন প্রাণ হারিয়েছেন তখন এই পুলিশ সুপার দেবাশীষ ধর পুলিশ সুপারের পদে ছিলেন। তাঁর ভূমিকা খতিয়ে দেখতেই এই জেরা বলে খবর সিআইডি সূত্রে। বিধানসভা ভোটের চতুর্থ দফায় গত ১০ এপ্রিল, কোচবিহারে বিধানসভা নির্বাচন চলাকালীন অনভিপ্রেত ঘটনা ঘটে শীতলকুচিতে। কোচবিহারের শীতলকুচিতে বুথে গুলি চালায় আধাসেনা। কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের দাবি ছিল, বুথে তাঁদের ঘিরে ধরা হয়েছিল। কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের গুলিতে চারজন ভোটার নিহত হন। সম্প্রতি শীতলকুচিতে গিয়েছিল সিআইডি'র ফরেনসিক ব্যালেস্টিক টিম। তাঁরা নানা নমুনা সংগ্রহ করেছিলেন। সেই নমুনা সংগ্রহের পরই প্রাক্তন সাসপেন্ড হওয়া পুলিশ সুপার দেবাশীষ ধরকে সমন পাঠিয়ে তলব করা তাৎপর্যপূর্ণ বলেই মনে করা হচ্ছে। তৃতীয়বার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের পরেই শীতলকুচি কাণ্ডের তদন্তের জন্য বিশেষ দল তৈরির নির্দেশ দেন মমতা বন্দ্যোপাধ্যায়।

কোচবিহার

# মাথাভাঙ্গায় বিজেপিতে ভাঙ্গন



**কোচবিহার:** একুশে নির্বাচন শেষ হওয়ার পর দলবদল অব্যাহত রয়েছে কোচবিহার জেলায়। মাথাভাঙা দুই নং ব্লকের বড় শোলমারী গ্রাম পঞ্চায়েতের ২৬ নম্বর বুথে বিজেপির পঞ্চায়েত সদস্য রঞ্জিত বর্মন সহ প্রায় একশো পরিবার বিজেপি ছেড়ে তৃণমূলে যোগদান করেন। রঞ্জিত বর্মন সহ অন্যান্যদের হাতে দলীয় পতাকা তুলে দেন তৃণমূল কংগ্রেসের কোচবিহার জেলার চেয়ারম্যান তথা প্রাক্তন মন্ত্রী বিনয় কৃষ্ণ বর্মন।

বিনয় কৃষ্ণ বর্মন বলেন, "একুশের বিধানসভা নির্বাচনে উত্তরবঙ্গের ফলাফল একটু খারাপ হলেও পরবর্তী সময়ে মানুষ বুঝতে পেরেছেন এবং অনুসূচনা করেছেন যে একমাত্র মমতা ব্যানার্জি ছাড়া পশ্চিমবঙ্গের উন্নয়ন করবে এমন দ্বিতীয় কেউ নেই তাই ভুল বুঝে নির্বাচনের আগে যা যা করেছেন সমস্ত ভুলে গিয়ে আজ সকলে বড় শোলমারী গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত সদস্য রঞ্জিত বর্মন সহ অন্যান্যরা তৃণমূল কংগ্রেসে যোগদান করেন। তিনি আরও বলেন, উত্তরবঙ্গের যেসকল নেতারা তৃনমূল ছেড়ে চলে গেছেন কিন্তু আবার ফিরে আসতে চাইছেন সেসব লোকেদের মধ্যে স্বচ্ছ ভাব মূর্তি বিশিষ্ট লোকগুলকে দলে আমরা গ্রহণ করব। দলের পক্ষ থেকে তাদের স্বাগত জানাই।" দলবদল প্রসঙ্গে বিজেপির পঞ্চায়েত সদস্য তৃণমূলে যোগ দিয়ে তিনি বলেন, মমতা ব্যানার্জীর উন্নয়নের সামিল হতেই বিজেপি ছেড়ে তৃণমূলে যোগদান করলাম। সাধারন মানুষের স্বার্থে, সাধারন মানুষের পাশে দাড়াতে আজ আমার এই তৃনমূলে যোগ দান। ভবিষ্যতে আরো বেশি বেশি করে মানুষকে যাতে তৃণমূল কংগ্রেসের উন্নয়ন জানানো যায় তার চেষ্টা আমি চালিয়ে যাব।

মালদা

# মালদায় ডাইনি সন্দেহে মাকে খুন করে পলাতক দুই ছেলে

**মালদা:** কালাজাদু করার সন্দেহ করে বৃদ্ধা মাকে নৃশংস ভাবে পিটিয়ে এবং শ্বাসরোধ করে খুনের অভিযোগ উঠলো দুই ছেলের বিরুদ্ধে। এমন কি, মৃত বৃদ্ধার শরীরে আগুন ধরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। ১৭ জুন সকালে শোবার ঘর থেকেই ওই মহিলার মৃতদেহ উদ্ধার করে পুলিশ। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে পুরাতন মালদা থানার সাহাপুর গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ ভাটরা গ্রামের আদিবাসী পাড়ায়। এই ঘটনায় অভিযুক্ত দুই ছেলে, নোসিল কিস্কু এবং ডোমেন কিস্কু-র বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছেন পাড়া-প্রতিবেশীরা।

এই ঘটনার পর থেকেই গা-ঢাকা দিয়েছে অভিযুক্ত দুই ছেলে। ১৭ জুন সকালে পুলিশ তদন্তে এসে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেল কলেজের মর্গে পাঠানোর ব্যবস্থা করেছে। পাশাপাশি পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে পুরাতন মালদা থানার পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত বৃদ্ধার নাম বুধিন হেমরম (৫০)। তার বাড়ি দক্ষিণ ভাটরার আদিবাসী পাড়া এলাকায়। গত দু'মাস আগে মৃতের স্বামী স্বামীর আমিন কিস্কু ভিন রাজ্যে কাজ করতে গিয়ে অসুস্থ হয়ে মারা যান। মৃত বৃদ্ধার পরিবারে চার ছেলে রয়েছে। একজন ভিন রাজ্যে কাজ করেন, ছোট ছেলে মানসিক ভারসাম্যহীন এবং বাকি দুটি ছেলে সাবালক তারাও দিনমজুরের কাজ করে। অভিযুক্ত দুই ছেলের নাম নোসিল কিস্কু এবং ডোমেন কিস্কু।

পুলিশকে অভিযোগে প্রতিবেশীদের একাংশ জানিয়েছেন, করোনা সংক্রমনের মধ্যে মানুষের অসুখ-বিসুখ হচ্ছিল। ওই মহিলার পরিবারে তার স্বামী মারা যায়। তাদের ছেলেরা মাঝেমধ্যে অসুস্থ হয়ে পড়ছিল। গ্রামের কারোর জ্বর, সর্দি, কাশি সহ বিভিন্ন ধরনের রোগ হলেই ওই বৃদ্ধার ছেলেরা তার মাকে ডাইনি সন্দেহ করতো এবং কালাজাদু করার সন্দেহ করা হতো। এনিয়ে বেশ কিছুদিন ধরেই বৃদ্ধার পরিবারে অশান্তি চলছিল ছেলেদের সঙ্গে। এরপরই ১৬ জুন রাতে পরিকল্পনা করেই দুই ছেলে মিলে তার বৃদ্ধা মাকে বাঁশ দিয়ে পিটিয়ে শ্বাসরোধ করে খুন করে। এমনকি ওই বৃদ্ধার শরীরের কয়েকটি জায়গায় আগুন দিয়ে পোড়ানো চিহ্ন মিলেছে। গলাতে ক্ষত চিহ্ন রয়েছে। এনিয়ে পুলিশের কাছে অভিযুক্ত দুই ছেলেকে গ্রেফতারের দাবি জানানো হয়েছে।

প্রতিবেশী এক মহিলা অষ্টমী হাঁসদা জানিয়েছেন, "ওই বৃদ্ধাকে তার দুই ছেলে মিলে নৃশংসভাবে খুন করেছে। কারণ ওরাই তার মাকে কালাজাদু করার সন্দেহ করতো। ওই মহিলার জন্যই নাকি তাদের পরিবারে অসুখ-বিসুখ হচ্ছিল এবং মারা যাচ্ছিল। পাড়াতেও কেউ অসুস্থ হলে অভিযুক্ত দুই ছেলে তার মাকে ডাইনি বলে সন্দেহ করতো। এরপর নিজের মাকেই নৃশংস ভাবে খুন করেছে অভিযুক্ত দুই ছেলে। আমরা অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছি।"

পুরাতন মালদা থানার আইসি হীরক বিশ্বাস জানিয়েছেন, "এক বৃদ্ধার রহস্যজনক অবস্থায় মৃতদেহ উদ্ধার হয়েছে। পাড়া-প্রতিবেশীরা দুই ছেলের বিরুদ্ধে খুনের অভিযোগ তুলেছে। মৃতদেহ ময়নাতদন্তের জন্য মেডিকেল কলেজের মর্গে পাঠানো হয়েছে। পাশাপাশি পুরো ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে।"

আলিপুরদুয়ারে

# বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরে মারধরের অভিযোগ এক আদিবাসী মহিলাকে

**আলিপুরদুয়ার:** ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ারে, সেখানে সালিশি সভায় এক আদিবাসী মহিলাকে নগ্ন করে মারধরের অভিযোগ উঠল গ্রামের কয়েকজনের বিরুদ্ধে। শুধু তাই নয় মোবাইল ফোনের রেকর্ড করে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে দেওয়া হলো, ভিডিও ক্লিপটি ভাইরাল হতে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঘঁনার পর থেকেই ওই মহিলা নিখোঁজ। ভিডিও ক্লিপটি সত্যতা যাচাই করেই, তারপর তদন্ত নামে কুমারগ্রাম থানার পুলিশ। এরপরই তিন যুবককে আটক করে পুলিশ। অভিযুক্তদের আলিপুরদুয়ার আদালতে তোলা হলে ১৪ দিনের পুলিশ হেফাজতে নেওয়া হয়। এবং তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হয়। কিন্তু এখনও প্রশ্ন উঠছে কেন ওই সালিশি সভা? আলিপুরদুয়ার কুমারগ্রাম ব্লকে খোয়ারডাঙ্গা চেংমারি গ্রামের আদিবাসী মহিলার সঙ্গে পাশের গ্রামের এক যুবকের বিবাহ-বহির্ভূত সম্পর্ক ছিল বলে অভিযোগ। ১৯ জুন রাতে এই নিয়ে সালিশি সভা ডাকে গ্রামের কর্তারা, সেখানেই ওই মহিলাকে হেনস্থা করা হয় এবং সেই হেনস্তার ভিডিও ভাইরাল করা হয়। এখনো বাকিদের খোঁজ করছে পুলিশ। যদিও জেলার পুলিশ সুপার ড. ভোলানাথ পান্ডে এই বিষয়ে কোন মুখ খুলতে চায়নি।

মালদা

# মহিলাদের কটূক্তির প্রতিবাদে দুষ্কৃতীদের হাতে আক্রান্ত চা বিক্রেতা

**মালদা:** দোকানে বসে রাস্তার মহিলাদের কটূক্তির প্রতিবাদ করায় এক চা বিক্রেতাকে পিটিয়ে খুনের চেষ্টার অভিযোগ উঠলো কয়েকজন হামলাকারীর বিরুদ্ধে। ১৫ জুন সকালে ঘটনাটি ঘটেছে মালদা শহরের গয়েশপুর এলাকায়। এই হামলার ঘটনার পর ওই চা বিক্রেতার আর্তচিৎকারে আশেপাশের লোকজন ছুটে আসে। সেই সময় অভিযুক্তরা এলাকা থেকে পালিয়ে যায় বলে অভিযোগ। যদিও এই হামলার ঘটনায় ওই চা বিক্রেতার দোকান ভাঙচুর করেছে দুষ্কৃতীরা বলে অভিযোগ। এই ঘটনায় আক্রান্ত চা বিক্রেতা চিকিৎসাধীন রয়েছেন মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে। এই হামলার বিষয়ে আক্রান্ত চা বিক্রেতা রোহিত সবজি,



ভোলা সবজি সহ পাঁচ জনের বিরুদ্ধে ইংরেজবাজার থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, আহত চা বিক্রেতার নাম আরমান সবজি (৪২)। তার বাড়ি গয়েশপুর এলাকায়। বাড়ি থেকে সামান্য দূরে রাস্তার ধারে ফুটপাতে একটি অস্থায়ী চায়ের দোকান রয়েছে আরমান সবজির। সেই চায়ের দোকান চালিয়েই কোনরকমে সংসার চলে তার। কিন্তু গত কয়েকদিন ধরে ওই চায়ের দোকানে বেশকছু এলাকার যুবক চা খেতে এসে নানান ধরনের আজে বাজে আচরণ শুরু করেছিল বলে অভিযোগ। এতে করে পথচলতি মহিলারাও চরম সমস্যার মধ্যে পড়েছিল। এমনকি ওই দোকানে চা খাওয়ার নামে অভিযুক্তরা রাস্তায় চলাফেরা করা কয়েকজন মহিলাকে উদ্দেশ্য করে নানাভাবে কটূক্তি করতো বলে অভিযোগ।

আক্রান্ত চা বিক্রেতা আরমান সবজি পুলিশকে অভিযোগে জানিয়েছেন, চায়ের দোকানে বসে মাঝেমধ্যেই আড্ডা মারতো রহিত সবজি এবং তার বন্ধুরা। মহিলাদের আজেবাজে কটূক্তি করায় তিনি প্রতিবাদ করেছিলেন। এরপরে ওই অভিযুক্তরা তাকে বাঁশ, লাঠি দিয়ে দোকানের মধ্যেই ব্যাপক মারধর করে। ভাঙচুর করে দেওয়া হয় পুরো দোকানটি।

এদিকে এই ঘটনার পর স্থানীয় এলাকার একাংশ বাসিন্দারা হামলাকারীদের গ্রেফতারের দাবিতে ব্যাপক ক্ষোভ দেখায়। তদন্তে পুলিশ গেলে দুষ্কৃতীদের গ্রেপ্তারের দাবি জানিয়েছেন এলাকার মানুষ। অন্যায় ভাবে ওই চা বিক্রেতার উপর মারধরের ঘটনার প্রতিবাদ জানিয়েছে স্থানীয় বাসিন্দারা।

ইংরেজবাজার থানার পুলিশ জানিয়েছে, আক্রান্ত ওই দোকানদার পাঁচ জনের নামে ইংলিশ বাজার থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। পুরো ঘটনাটি নিয়ে তদন্ত শুরু করা হয়েছে।

## সেরে উঠেছেন বর্ষীয়ান অভিনেতা

অবশেষে স্বস্তির নিঃশ্বাস কুমার পরিবারে। শারীরিক অবস্থার উন্নতি হয়েছে সুস্থ আছেন তিনি। হাসপাতাল থেকে বাড়ি ফিরলেন কিংবদন্তি দিলীপ কুমারের। গত ৬ জুন সকালে শ্বাসকষ্টের সমস্যার জন্য হাসপাতালে ভর্তি করা হয় বর্ষীয়ান অভিনেতা দিলীপ কুমারকে। বেশ কিছুদিন ধরে শ্বাসকষ্টে ভুগছিলেন দিলীপ। হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসকরা জানান অভিনেতার ২টি ফুসফুসেই জল জমেছে। শরীরে অক্সিজেনের মাত্রা কম থাকলেও স্থিতিশীল ছিলেন দিলীপ। ভর্তি ছিলেন পিডি হিন্দুজা হাসপাতালে। অভিনেতার সেরে ওঠার কথা জানিয়েছিলেন সায়রা বানুও। তবে আপাতত তিনি অনেকটাই সুস্থ। সেই কারণেই তাঁকে বাড়ি নিয়ে যাওয়ার অনুমতি দেন চিকিৎসকরা। বর্তমানে তাঁর বয়স হয়েছে ৯৮ বছর।

## অবশেষে অভিনেত্রীর ধর্ষণ কাণ্ডে গ্রেফতার অভিযুক্ত ব্যক্তি

বাংলাদেশের অভিনেত্রী পরীমণির ফেসবুক পোস্ট নিয়ে এখন তোলপাড় সোশ্যাল মিডিয়া। পরীমণিকে ধর্ষণ ও হত্যাচেষ্টার অভিযোগে সাভার থানায় মামলা দায়ের করেন অভিনেত্রী। মামলা দায়েরের পর এজাহারভুক্ত ১ নম্বর আসামি নাসির উদ্দিন মাহমুদকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ-ডিবি। এ সময় ঢাকা মহানগরে তার বাসা থেকে বিদেশি মদ ও ইয়াবা উদ্ধার করা হয়। প্রধান অভিযুক্তসহ আরও ৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এই অভিযোগ জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে একটি খোলা চিঠি লিখেছেন অভিনেত্রী। প্রসঙ্গত, পরীমণির অভিযোগ, পুলিশে অভিযোগ জানিয়েও কোনও লাভ হয়নি। তাই অবশেষে প্রকাশ্যেই মুখ খুলতে বাধ্য হয়েছেন তিনি। ফেসবুক পোস্টের কয়েক ঘণ্টার পর সাংবাদিকদের পরী জানান, তাঁকে হত্যা ও ধর্ষণের চেষ্টায় অভিযুক্ত ব্যক্তির নাম। অভিনেত্রী জানান, তাঁর ওপর নারকীয় অত্যাচার চালিয়েছেন নাসির উদ্দিন মাহমুদ নামের এক ব্যক্তি। পরী জানান, ঘটনাটি ঘটে চার দিন আগে ঢাকার বোট ক্লাবে।

## শুরু হতে চলেছে টলি পাড়ার শুটিং

অবশেষে হল সমস্যার সমাধান। চলতি সপ্তাহ থেকেই সিনেমা, সিরিয়াল এবং ওটিটি-র শ্যুটিং শুরু করতে পারবে টলিউড। ৫০ শতাংশ কর্মী নিয়ে শ্যুটিং করতে পারবেন পরিচালক-প্রযোজকরা। দীর্ঘ ১ মাস পর ১৬ তারিখ থেকেই শ্যুটিং শুরুর অনুমতি পেয়ে স্বস্তিতে টলিউড। ইনডোর ও আউটডোর দু' ধরনের শ্যুটিং শুরু করারই অনুমতি মিলেছে। তবে ফ্লোরে উপস্থিত কর্মীদের সবার কোভিড ভ্যাকসিন নেওয়া আবশ্যিক। টিকাকরণ না হয়ে থাকলে, শ্যুটিংয়ে অংশগ্রহণ করতে পারবেন না কর্মীরা। পরতে হবে মাস্ক ও মানতে হবে সামাজিক দূরত্ব। সাংবাদিক বৈঠকে কড়া নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিছুটা আশার আলো নিয়ে এল সকল শিল্পী ও কলা-কুশলীদের জন্য। প্রসঙ্গত, সুপার স্প্রেড করোনার জন্য লকডাউন দ্বিতীয় পর্বের গোড়া থেকেই এযাবৎকাল বাড়িতে শ্যুটি করছিলেন টেলি-তারকারা। ৮ জুন থেকে রাজ্য সরকার ও ফেডারেশনের যৌথ উদ্যোগে এই ভ্যাকসিনেশন ক্যাম্পের আয়োজন করা হয়েছে।

# প্রয়াত পরিচালক বুদ্ধদেব দাশগুপ্ত

শেষ জীবনযুদ্ধ। প্রয়াত পরিচালক বুদ্ধদেব দাশগুপ্ত। ১০ জুন সকাল ছ'টা নাগাদ দক্ষিণ কলকাতার বাসভবনে মৃত্যু হয় তাঁর। কিডনির অসুখে ভুগছিলেন কবি-পরিচালক। বিশিষ্ট পরিচালকের মৃত্যুতে বিনোদন দুনিয়ায় শোকের ছায়া।

দীর্ঘদিন ধরে নানা শারীরিক সমস্যায় ভুগছিলেন সাতাত্তর বছর বয়সি বিশিষ্ট কবি-পরিচালক। বার্ধক্যজনিত সমস্যায় ভুগছিলেন তিনি। সঙ্গে ছিল কিডনির সমস্যাও। ডায়ালিসিসও চলছিল তাঁর। ১০ জুন তাঁর ডায়ালিসিস হওয়ার কথা ছিল। তবে তার আগে ৯ জুন রাতে কবি-পরিচালকের শারীরিক অবস্থার অবনতি হয়। বৃহস্পতিবার সকালে নিজের ঘরে ঘুমোচ্ছিলেন তিনি। তাঁর স্ত্রী ঘুম থেকে ডাকতে যান। তবে কোনও সাড়াশব্দ না পেয়ে আতঁকে ওঠেন। সঙ্গে সঙ্গে চিকিৎসককে ডেকে পাঠান। চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষার পর মৃত্যু সংবাদ জানান।

১৯৪৪ সালের ১১ ফেব্রুয়ারি পুরুলিয়ার আনাড়ায় জন্মগ্রহণ বুদ্ধদেব দাশগুপ্তর। ন'জন ভাইবোনের পরিবারের তৃতীয় সন্তান ছিলেন তিনি। মাত্র ১২ বছর বয়সে কলকাতায় চলে আসেন। হাওড়ার দীনবন্ধু স্কুলে পঠনপাঠন শুরু হয় তাঁর। অর্থনীতি নিয়ে স্কটিশ চার্চ কলেজেও পড়াশোনা করেছেন বুদ্ধদেব দাশগুপ্ত। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শ্যামসুন্দর কলেজে অধ্যাপনা করেছেন তিনি।



এরপর কলকাতা ফিল্ম সোসাইটির সদস্যপদ গ্রহণ করেন তিনি। ১৯৬৮ সালে ১০ মিনিটের একটি তথ্যচিত্র তৈরির মধ্য দিয়ে পরিচালনায় হাতেখড়ি তাঁর। তারপর একে একে 'দূরত্ব', 'নিম অন্নপূর্ণা', 'গৃহযুদ্ধ', 'মন্দ মেয়ের উপাখ্যান', 'স্বপ্নের দিন', 'উড়োজাহাজ'-এর মতো ছবি করেছেন তিনি। তাঁর বহু ছবি জাতীয় পুরস্কার পেয়েছে। 'বাঘ বাহাদুর', 'চরাচর', 'লাল দরজা', 'কালপুরুষ'-সহ একাধিক ছবির জন্য জাতীয় পুরস্কার পেয়েছেন তিনি। বিনোদুনিয়ার পাশাপাশি সাহিত্য জগতেও অবদান রয়েছে তাঁর।

## এই প্রথম সলমনকে বায়োপিকে দেখা যাবে



বলিউডের ভাইজানের অভিনীত ছবি মানেই তা একশ কোটির ক্লাবে নাম লেখাবেই ছবি। বলিউডে তিনি মশালা ছবির রাজা, তবে নিজের ধারা থেকে বেরিয়ে নতুন চ্যালেঞ্জ যতবার নিয়েছেন, সেই সাফল্য আনতে পারেন নি। তবে বলিউডে জোর গুঞ্জন যে এবার বায়োপিকে অভিনয় করবেন সলমন খান।

এক সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাতকারে সলমন জানিয়েছিলেন যে তিনি কখনও কাউকে তাঁর বায়োপিক তৈরির অনুমতি দেবেন না। শোনা যাচ্ছে ভারতীয় গুপ্তচর রবীন্দ্র কৌশিকের জীবন পর্দায় ফুটিয়ে তুলবেন তিনি। রবীন্দ্র কৌশিক 'ব্ল্যাক টাইগার' নামে বিভিন্ন মহলে পরিচিত। দেশের সেরা গুপ্তচরও বলা হয় তাকে। তাই তাঁর চরিত্র ফুটিয়ে তোলার জন্য বলিউডের টাইগারের কাছেই প্রস্তাব রাখা হয়েছে। সূত্রের খবর সূরজ বরজাতিয়ার সঙ্গে কাজ মিটিয়ে তিনি শীঘ্রই শুরু করবেন নতুন ছবির কাজ। তবে শুটিং বা ছবির মুক্তির সময় এখনও পর্যন্ত জানা যায় নি।

এই বায়োপিক পরিচালনার দায়িত্বে থাকবেন রাজকুমার গুপ্তা। গত পাঁচ বছর ধরে তিনি রবীন্দ্র কৌশিককে নিয়ে চর্চা করছেন। চিত্রনাট্য লেখার কাজও প্রায় শেষের দিকে। ফাইনাল ড্রাফট বানানোর প্রস্তুতি নিচ্ছেন তিনি।

## ওহ মাই গড-এর সিক্যুয়েল 'ওহ মাই গড ২'




অবশেষে দীর্ঘ প্রতীক্ষার অবসান। দীর্ঘ জল্পনায় বিরতি ঘটিয়ে আবার ফিরে আসছে দর্শকদের মন ছোঁয়া ছবির সিক্যুয়েল। দর্শকদের র পাশাপাশি বক্স অফিসেও বিস্তর লক্ষীলাভ করেছিল এই ছবি। সিক্যুয়েল দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছিল দর্শক। এবার আসতে চলেছে ' ওহ মাই গড ২'। ২০১২ সালে মুক্তি পেয়েছিল 'ওহ মাই গড'। হলিউডের বিখ্যাত ছবি The Man Who Sued God-এর থেকে অনুপ্রাণিত হয়েই তৈরি হয়েছিল এই ছবি।

ইতিমধ্যেই জোরকদমে শুরু হয়ে গেছে ছবির প্রি-প্রোডাকশনের কাজ। আউটডোরে কোন কোন লোকেশনে শ্যুটিং সারা হবে তা নিয়েও চলছে বিস্তর পরিকল্পনা। করোনা পরিস্থিতি একটু স্বাভাবিক হলেই আগামী সেপ্টেম্বর মাস থেকেই শুরু হয়ে যাবে এই ছবির শ্যুটিং। সবকিছু ঠিকঠাক থাকলে অক্টোবর মাসের মধ্যেই নাকি শেষ হবে ছবির শ্যুটিং।

## মুক্তি পেল দ্য ফ্যামিলি ম্যান ওয়েব সিরিজ

অবশেষে প্রতীক্ষার অবসান হল। আবারও খবরের শিরোনামে। সমস্ত জল্পনার অবসান ঘটিয়ে বহু বিতর্কের মাঝেই সবাইকে চমকে দিয়ে নির্ধারিত সময়ের আগেই মুক্তি পেল বহু প্রতীক্ষিত এই ওয়েব সিরিজে। কোনওরকম ঘোষণা ছাড়াই আচমকাই মুক্তি পেল বহু প্রতীক্ষিত দ্য ফ্যামিলি ম্যান ওয়েব সিরিজের দ্বিতীয় সিজন। ওটিটি প্ল্যাটফর্মে দিব্যি স্ট্রিমিং শুরু হয়ে গেছে। দর্শকের সামনে হাজির করার পিছনে দায়ী একমাত্র অ্যামাজন প্রাইম ভিডিও কর্তৃপক্ষ। প্রতীক্ষিত সময়ের আগে নতুন সিজনের দেখা পেয়ে যারপরনাই অবাক অনুরাগীরা।




সাম্প্রতিক সময়ে 'দ্য ফ্যামিলি ম্যান ২' এর মুক্তি ঘরে শুরু হয়েছিল বিতর্ক। এই ওয়েব সিরিজে তামিল মানুষদের ভাবাবেগ আহত বলে দাবি করেন রাজ্যসভার সদস্য ভায়কো। বিতর্কের জল গড়ায় বহুদূর। দাবি ওঠে এই সিজন বন্ধ করারও। সেই দাবিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের কাছে চিঠিও পাঠান ভায়কো। প্রসঙ্গত, 'দ্য ফ্যামিলি ম্যান ২' এর মাধ্যমেই ওয়েব ডেবিউ করতে চলেছেন দক্ষিণী তারকা অভিনেত্রী সামান্থা আক্কিনেনি। সিজনের প্রধান খলনায়কের ভূমিকায় রয়েছেন তিনি। প্রথম সিজনের মতো এই সিজনেও মুখ্যভূমিকায় রয়েছেন মনোজ বাজপেয়ী।

## ব্যতিক্রমী চরিত্রে বিদ্যা



আবার এক ব্যতিক্রমী চরিত্রে নিজেকে মেলে ধরছেন বিদ্যা বালান। 'শেরনি' ছবিতে তিনি সৎ আর দাপুটে এক বন কর্মকর্তা। মজার ব্যাপার হচ্ছে, ছবিতে তাঁর চরিত্রটির নাম বিদ্যা, তবে বালান নয়, ভিনসেন্ট। পর্দায় 'শেরনি' হয়ে ওঠার জন্য তাঁকে কঠোর পরিশ্রম করতে হয়েছে। 'শেরনি' ছবির এক ভার্চ্যুয়াল প্রচার অনুষ্ঠানে এই ছবি ঘিরে তাঁর অভিজ্ঞতা তুলে ধরেন বিদ্যা বালান।

## গতবছরের বহুচর্চিত নায়িকাই এবার "দ্রৌপদী-র" চরিত্রে

সদ্যই প্রথম বছরের বর্ষ পূর্তি হল সুশান্তের মৃত্যুবার্ষিকী। এই এক বছর অতিক্রমেই আবার কাজে ফিরতে চলেছেন গতবছরের সবচেয়ে বেশি চর্চিত অভিনেত্রী। তিনি সুশান্ত সিং এর প্রেমিকা তথা অভিনেত্রী রিয়া চক্রবর্তী। সুশান্তকাণ্ডের পর নিজেকে পুরোপুরি গৃহবন্দী থেকে অবশেষে আবারও কাজে ফিরতে চলেছেন রিয়া। চলতি বছরই তৈরি হতে পারে আধুনিক মহাভারত। ইতিমধ্যে তার তোড়জোড়ও নাকি চলছে! আর সেই চিত্রনাট্যে নাকি দ্রৌপদীর ভূমিকায় দেখা যাবে রিয়াকে। সেখানে



দ্রৌপদীর চরিত্রে অভিনয় করতে পারেন রিয়া চক্রবর্তী। জানা গিয়েছে, সব ঠিক থাকলে চলতি বছরে ক্যামেরাবন্দি হবে 'মহাভারত'। এটি একটি বড় বাজেটের ছবি তৈরি হচ্ছে।

সুশান্ত মৃত্যু মামলায় জড়ানোর আগে রিয়ার শেষ কাজ ছিল অমিতাভ বচ্চন এবং ইমরান হাশমি অভিনীত ক্রাইম থ্রিলার 'চেহরে'। চেহরে ছবির সঙ্গে বলিউডে কামব্যাক করবার কথা রিয়ার। করোনার জেরে অনির্দিষ্টকালের জন্য মুক্তি পিছিয়ে গিয়েছে এই ছবির। তেলুগু ছবির মাধ্যমে সিনেমার জগতে পা রেখেছিলেন রিয়া চক্রবর্তী। তাঁর প্রথম হিন্দি ছবি ছিল ২০১৩ সালে মুক্তি পাওয়া 'মেরে ড্যাড কি মারুতি'। তবে রিয়া ছবিটিতে অভিনয় করতে বেশ আগ্রহী। প্রসঙ্গত, সুশান্ত সিং রাজপুত মামলায় নাম জড়ানোর পর গত একবছর ধরে বলিউড থেকে দূরে রিয়া। সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর পর নেটদুনিয়ায় ব্যাপক রোষের মুখে পড়েছেন রিয়া। রিয়ার বিরুদ্ধে পাটনা থানায় অভিযোগ জানিয়েছিল প্রয়াত অভিনেতার পরিবার। সুশান্ত মামলার পাশাপাশি মাদককাণ্ডেও নাম জড়ায় রিয়ার। ২০২০ সালের ৮ সেপ্টেম্বর রিয়াকে গ্রেপ্তার করে এনসিবি। ২৮ দিন জেলে থাকার পর জামিনে মুক্তি পান রিয়া।

# বেলুনের জবাব দিতে গাজায় ফের হামলা করল ইজরায়েল



গাজাতে বুধবার সকালে ফের বিমানহানা চালাল ইজারায়েলের বায়ুসেনা। প্যালেস্তাইনের সীমান্ত থেকে দক্ষিণ ইজারায়েলে আগুনের বেলুন উড়ে এসেছিল বলে জানিয়েছেন প্রত্যক্ষদর্শী এবং নিরাপত্তারক্ষীরা। তার পর এই হামলা চালানো হয়েছে বলে জানা গিয়েছে।

এই বিমানহানা ফের মনে করালো মে মাসে ইজরায়েল এবং গাজার মধ্যে হওয়া যুদ্ধ। ১১ দিনের সেই যুদ্ধে ২৬০ জন প্যালেস্তানীয় এবং ১৩ জন ইজারায়েলির মৃত্যু হয়েছিল। এ ছাড়াও ১ হাজারের বেশি আবাসন, অফিস, দোকান ধ্বংস হয়েছিল।

প্যালেস্তাইনের সূত্র মারফত জানা গিয়েছে, গাজার খান ইউনেস নামে একটি জায়গা লক্ষ্য করে হামলা চালিয়েছে ইজারায়েলের বায়ুসেনা। খান ইউনেসে আন্তর্জাতিক সংবাদ সংস্থা এএফপি-র চিত্র সাংবাদিকও বিমানহানার জেরে বিস্ফোরণের চাক্ষুস করেছেন বলে জানিয়েছেন। 'আগ্নেয় বেলুনের' জবাব দেওয়া ইজরায়েলের সেনাবাহিনী বলেছে, "তাঁদের বিমান সন্ত্রাসবাদী সংগঠন হামাসের মিলিটারি এলাকা লক্ষ্য করে হামলা চালিয়েছে।"

প্রসঙ্গত, রবিবার নতুন জোট সরকার ক্ষমতায় এসেছে ইজরায়েলে। ১২ বছর ক্ষমতায় থাকার পর সরতে হয়েছে প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে। সে দেশের নতুন প্রধানমন্ত্রী হয়েছেন নাফতালি বেনেট। নতুন সরকার ক্ষমতায় আসার পর ইজরায়েল প্রথমবার হামলা চালাল গাজায়।

# নেপাল ও ভুটানে ভয়াবহ বন্যা

নেপাল ও ভুটানে ভয়াবহ বন্যা। যার জেরে নেপালে নিখোঁজ কমপক্ষে সাত জন। একই সঙ্গে ভুটানে মৃত্যু হয়েছে ১০ জনের। আহত হয়েছেন আরও পাঁচজন।

ভুটানের একটি পর্বত চূড়ায় এই মর্মান্তিক ঘটনা ঘটেছে। স্থানীয় সংবাদ সূত্রে জানা গিয়েছে, ওই ভুটানি গ্রামবাসীরা কর্ডিএসিপস ছত্রাক সংগ্রহ করছিল। রাজধানী থিম্পু থেকে উত্তরে প্রায় ৬০ কিমি দূরে এই একটি পাহাড়ে ঘুমাচ্ছিল ওই ভুটানি গ্রামবাসীরা। হঠাৎ করেই জলস্রোতের ধাক্কা আসে। মৃত্যু হয় ১০ জনের। মৃত্যুর ঘটনায় শোকপ্রকাশ করেছেন ভুটানের প্রধানমন্ত্রী লোটে শেরিং। একটি ভুটানি সংবাদপত্রে উল্লেখ করা হয়েছে, ভুটানি গ্রামবাসীদের ওই দলটি দুটি পাহাড়ের মাঝের একটি নদীর পাশে তাঁবু ফেলে রাত কাটাচ্ছিল। মনে করা হচ্ছে হঠাৎ করেই বন্যার জল এসে তাঁদের ভাসিয়ে নিয়ে গেছে।



নেপালের স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে দিল কুমার তামাং জানিয়েছেন, রাতভর বৃষ্টির পর সিন্ধুপালচক জেলায় নিখোঁজ হয়েছেন সাতজন। পাশাপাশি বেশ কিছু বাড়ি-ঘরও ডুবে গিয়েছে।

দুর্ঘটনার খবরের পরেই আহতদের উদ্ধারে ঘটনাস্থলের দিকে উড়ে যায় দুটি হেলিকপ্টার। পাশাপাশি সেনা বাহিনীর উদ্ধারকারী দলও ঘটনাস্থলের দিকে রওনা দিয়েছে। এক্ষেত্রে একটি অসুবিধা হল, ঘটনাস্থলের থেকে নিকটবর্তী গাড়ি চলাচলের রাস্তা রয়েছে অনেকটা দূরে। গাড়ি থেকে নামার পর ১১ ঘণ্টা হেঁটে বাহিনীকে ঘটনাস্থলে পৌঁছতে হবে।

# গত বছরের মতো চলতি বছরেও বাতিল হল হজযাত্রা

বছর ঘুরলেও বদলায়নি পরিস্থিতি। এক বছরেরও বেশি সময় ধরে করোনার করাল গ্রাসে দেশ। গত বছর থেকে করোনার কাটায় বাতিল হচ্ছে একের পর এক ধর্মীয় অনুষ্ঠান। দ্বিতীয়বারের মতো চলতি বছরেও ভারত থেকে বাতিল হল হজযাত্রা। করোনার জেরে ২২৩ বছরের এ বারের হজযাত্রার সমস্ত আবেদন বাতিল ঘোষণা করল ভারতের হজ কমিটি। সংক্রমণ এড়াতে হজ পালনে কড়া বিধি আরোপ করছে সৌদি। সৌদি আরব জানিয়েছে কোভিড মহামারির কারণে শুধু মাত্র সেখানকার সীমিত সংখ্যক মানুষকেই হজ পালনের অনুমতি দেওয়া হবে।

করোনা পরিস্থিতির কারণে এবছরও হজ সীমিত পরিসরেই পালন করা হবে বলে জানিয়ে দিয়েছে সৌদি আরবের উমরাহ এবং হজ মন্ত্রক। এ বছর হজ সীমিত পরিসরেই পালন করা হবে, যে কারণে আন্তর্জাতিক পূণ্যার্থীদের প্রবেশ নিষেধ করা হয়েছে। এমন পরিস্থিতিতে ২০২১-এ ভারত থেকে হজে যাওয়ার সব আবেদনই বাতিল করা হয়েছে। গত ২০২০ সালেও ভারতের তরফে হজ পালনের জন্য সৌদি আরব সফর স্থগিত করা হয়।

এ বছর হজ পালনের সম্ভাব্য তারিখ ১৭ জুলাই। প্রতিবছর বিশ্বের প্রায় ২৫ লাখ মানুষ হজ পালনের উদ্দেশ্য সৌদি আরব যান। তার মধ্যে আনুমাণিক ২ লক্ষ মানুষ যান ভারত থেকে। গত বছরের পর এই নিয়ে দ্বিতীয় বার হজযাত্রা থেকে বিরত থাকতে হবে ভারতীয় মুসলিমদের।

# নোভাভ্যাক্স টিকা ৯০ শতাংশেরও বেশি কার্যকরী: আমেরিকার সংস্থা

করোনাভাইরাসের বিরুদ্ধে নোভাভ্যাক্স টিকা ৯০ শতাংশেরও বেশি কার্যকরী। এমনটাই দাবি করল আমেরিকার ওই টিকা প্রস্তুতকারী সংস্থা নোভাভ্যাক্স ইনকর্পোরেশন। একটি বিবৃতিতে সংস্থাটি জানিয়েছে, সম্প্রতি আমেরিকা এবং মেক্সিকো জুড়ে পরীক্ষার পর দেখা গিয়েছে যে নোভাভ্যাক্স ৯০.৪ শতাংশ কার্যকরী।

ওই বিবৃতিতে নোভাভ্যাক্সের তরফে জানানো হয়েছে, 'আমেরিকা এবং মেক্সিকোর ১১৯টি শহরে ২৯ হাজার ৯৬০ জনের মধ্যে নোভাভ্যাক্সের কার্যকারিতা এবং সুরক্ষার মূল্যায়নে একটি পরীক্ষা চালানো হয়। সেই পরীক্ষার তৃতীয় পর্যায়ে অংশগ্রহণকারীদের মধ্যে সমীক্ষায় প্রকাশ মাঝারি এবং প্রবল ভাবে আক্রান্তদের মধ্যে এই টিকা ১০০ শতাংশ এবং সব মিলিয়ে ৯০.৪ শতাংশ কার্যকরী।'

টিকার কার্যকারিতার ফলাফলে উৎসাহিত হয়ে শীঘ্রই এর উৎপাদনের চিন্তা-ভাবনা শুরু করেছেন নোভাভ্যাক্স ইনকর্পোরেশন কর্তৃপক্ষ। সংস্থার প্রেসিডেন্ট তথা চিফ এগ্জিকিউটিভ স্ট্যানলি সি ইরেক জানিয়েছেন, চলতি অর্থবর্ষের তৃতীয় ত্রৈমাসিকে টিকার ছাড়পত্রের জন্য আবেদন করবেন। ছাড়পত্র পেলে প্রতি মাসে ১০ কোটি এবং চলতি বছরের শেষে মাসে ১৫ কোটি টিকা উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে বলেও জানিয়েছে আমেরিকার মেরিল্যান্ডের ওই সংস্থাটি।


পূর্বোত্তর
১৯৯৬ সন থেকে প্রকাশিত
উত্তর-পূর্বের অগ্রণী বাংলা পাক্ষিক পত্রিকা

ADVERTISEMENT TARIFF
With effect from 1st April 2021

☎ : 0353-2431015, : 9593200246
e-mail : contact@purbottar.in, www.purbottar.in

PURBOTTAR
Since 1996
Bengali fortnightly from Cooch Behar

MECHANICAL DATA:

| | |
|---|---|
| Print area | : 34 CM X 245 CM |
| Width of columns | : 4 CM |
| Length of the columns | : 34 CM |
| Columns per page | : 6 |
| Space between columns | : 0.2 CM |
| Printing process | : OFFSET |
| Number of pages | : 8 |

Advertisement materials are required in digital format & file in- .pdf/.tif format.

ADVERTISEMENT RATE

| | |
|---|---|
| B/W Display/Tender | : 65.00 per sqcm. |
| Colour Display/Tender | : 85.00 per sqcm. |
| Classified Display | : 24.00 per sqcm. |
| Classified | : Rs. 5 per Words |
| Ear Panel in Colour | : 250.00 per insertions (4cm x 4cm) |
| Annual Advertisements | : B/W 25.00 & Colour 30.00 per sqcm. |
| Premium | : 50% Extra for Front Pages |

Minimum Size of Advertisements:-

| | |
|---|---|
| Front page Advertisements | : 80 sqcm. |
| Other pages | : 20 sqcm. |

ABOUT US:

Purbottar is a popular Bengali Forthnightly published from Cooch Behar, Since 1996 with following details:

| | |
|---|---|
| Formate | : Tabloid |
| Registration Number | : 71057/96 |
| Language | : Bengali |
| Place of Publication | : Dawaguri, Kolerpar, Cooch Behar |
| Publishing Day | : Every Alternate Friday |
| Circulation | : 15239 copies per issue |
| Editor, Publisher & Printer | : Sandipan Pandit |
| Price of Regular Issue | : Rs. 3.00 |

CONTACTS:


BUSINESS OFFICE:
16, Bidhan Road, 1st Floor, Opp. Gostho Paul Statue
Siliguri-734001, West Bengal, Tele-Fax: 0353-2431015

Registered Office & Published From:
P.O.+Vill: Dawaguri, Kolerpar, Cooch Behar-736156
West Bengal, Mobile: 9593200246

Editorial Office:
5, Tribitta Sarani, P.O.+Dist.: Cooch Behar
West Bengal-736156, Mobile: 9434803210



## ইউরোকাপে লোকাতেল্লির জোড়া গোলে পরাজিত সুইৎজারল্যান্ড



**নিজস্ব প্রতিবেদন-** সুইৎজারল্যান্ডের বিরুদ্ধে দ্বিতীয় ম্যাচেও ৪-৩-৩ ছকে দল সাজিয়েছিলেন ইটালি কোচ রবের্তো মানচিনি। সামনে রেখেছিলেন দোমেনিকো বেরার্দি, চিরো ইমমোবিলে ও লোরেনজো ইনসিনিয়েকে। ইটালির আক্রমণাত্মক ফুটবলকে আটকাতে সুইৎজারল্যান্ড কোচ ভ্লাদিমির পেতকোভিচ আস্থা রেখেছিলেন ৩-৪-১-২ ছকে। উদ্দেশ্য পরিষ্কার, মাঝমাঠের দখল যেন কোনও অবস্থাতেই নিতে না পারেন ইটালির ফুটবলারেরা। ২৬ মিনিটে ইটালিকে ১-০ এগিয়ে দেন লোকাতেল্লি। দ্বিতীয়ার্ধেও এক ছবি। খেলা শুরু হওয়ার সাত মিনিটের মধ্যে এগিয়ে যায় ইটালি। নেপথ্যে সেই লোকাতেল্লি। পেনাল্টি বক্সের বাইরে থেকে নেওয়া বাঁ-পায়ের শটে বল জালে জড়িয়ে দেন তিনি। ৮৯ মিনিটে পেনাল্টি বক্সের বাইরে থেকে নেওয়া দুরন্ত শটে ৩-০ করেন ইমমোবিলে।

## আজহারকে সরিয়ে দিল সৌরভের বোর্ড

ক্রিকেট থেকে রাজনীতির মঞ্চ হয়ে ক্রিকেট প্রশাসক। কিন্তু মহম্মদ আজহারউদ্দিনের পিছু ছাড়ছে না বিতর্ক। তাঁকে হায়দরাবাদ ক্রিকেট অ্যাসোসিয়েশনের (এইচসিএ)



সভাপতির পদ থেকে সরিয়ে দেওয়া হল। একই সঙ্গে এই সংস্থার সদস্য পদও কেড়ে নেওয়া হল। আজহারের বিরুদ্ধে অভিযোগ, তিনি সংস্থার নিয়ম লঙ্ঘন করেছেন। তাঁকে শো-কজ নোটিস পাঠানো হয়েছে। তাঁর বিরুদ্ধে তদন্ত হবে। অ্যাপেক্স কাউন্সিল জানিয়েছে, যতক্ষণ না তদন্ত শেষ হচ্ছে, ততদিন আজহারকে নির্বাসিত থাকতে হবে। শো-কজ নোটিসে অ্যাপেক্স কাউন্সিল লিখেছে, 'আপনার বিরুদ্ধে সদস্যরা যে সব অভিযোগ এনেছেন, তার ভিত্তিতে গত ১০ জুন অ্যাপেক্স কাউন্সিলের বৈঠকে ঠিক হয়েছে, আপনাকে শো-কজ নোটিস ধরানো হবে। আপনার বিরুদ্ধে ওঠা অভিযোগের তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এইচসিএ-র সদস্যপদ খারিজ করা হচ্ছে।' ১৫ জুন পাঠানো ওই চিঠিতে বলা হয়েছে, এক সপ্তাহের মধ্যে যথাযথ উত্তর না দিলে আজহারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। ভারতের প্রাক্তন অধিনায়কের বিরুদ্ধে অভিযোগ, তিনি যে দুবাইয়ের একটি ক্রিকেট ক্লাবের সদস্য, তা ভারতীয় ক্রিকেট বোর্ডকে জানাননি। বোর্ডের নিয়ম অনুযায়ী এটা জানানো বাধ্যতামূলক। তাছাড়াও জানা যাচ্ছে, এই ক্লাবটি এমন একটি ক্রিকেট লিগে খেলে, যা ভারতীয় বোর্ডের স্বীকৃত নয়। তাছাড়া এইচসিএ-র ব্যাঙ্ক অ্যাকাউন্ট 'ফ্রিজ' করে দেওয়ার অভিযোগও উঠেছে আজহারের নামে।

# টোকিয়ো অলিম্পিক্স শুরু হওয়ার আগে অ্যাথলিটদের দেওয়া হল হুঁশিয়ারি

**নিজস্ব প্রতিবেদন-** কোভিড নিয়ম না মানলে শুধু এ বারের মতো গেমস ভিলেজ থেকে নয়, ভবিষ্যতের অলিম্পিক্সেও জায়গা হবে না। টোকিয়ো অলিম্পিক্স শুরু হওয়ার পাঁচ সপ্তাহে আগে অংশ নিতে চলা সমস্ত অ্যাথলিটদের এই হুঁশিয়ারি দিল উদ্যোক্তারা। এই বিষয়ে ৭০ পাতার একটি 'রুল বুক' প্রকাশ করেছে অলিম্পিক্স কমিটি। সেই বইতে সমস্ত নিয়ম তুলে ধরা হয়েছে। জাপান এমনিতেই করোনা আতঙ্কের মধ্যে ভুগছে। দেশের একাধিক মানুষ অলিম্পিক্স আয়োজনের বিপক্ষে। তাই আরও বেশি সাবধানতা অবলম্বন করছেন উদ্যোক্তারা।




এই বিষয়ে অলিম্পিক্সের পরিচালক পিয়েরি ডুকেরেই বলেছেন, "নিয়ম সবার জন্য সমান। আর তাছাড়া কোভিড আতঙ্কের মধ্যে অলিম্পিক্স আয়োজন করা হচ্ছে বলেই এত নিয়ম পালন করা হবে। আর সেই নিয়মের মধ্যে দিয়ে চলতে হবে। খেলার মাঠে কিন্তু নিয়ম মেনে ম্যাচ পরিচালনা করা হয়। তাই খেলোয়াড়রা নিয়মের গুরুত্ব জানেন। তাই আশা করি সবাই আমাদের সাহায্য করবেন।" সেই ১৯৮৮ সাল থেকে অলিম্পিক্সে কন্ডোমের ব্যবহার শুরু হয়েছে। এখনও অ্যাথলিটদের জন্য গেমস ভিলেজে অঢেল কন্ডোম রাখা হয়। এ বারের টোকিও অলিম্পিক্সে কন্ডোম থাকলেও তার ব্যবহারে রয়েছে বিধিনিষেধ। কোভিডের জন্য সামাজিক দূরত্ব মানতেই হবে। তাই কন্ডোম থাকলেও টোকিও অলিম্পিক্সে সেটা ব্যবহার করা যাবে না। এছাড়া আরও নিয়ম পালন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ বার গ্যালারিতে থাকা দর্শকরা তাদের প্রিয় অ্যাথলিটদের উৎসাহ দেওয়ার জন্য শুধু হাততালি দিতে পারবেন, করা যাবে না। অলিম্পিক্স কমিটির দাবি চিৎকার না করলে গ্যালারিতে পাশাপাশি বসে থাকার সময়ও সংক্রমণের ঝুঁকি কমবে।

গেমস ভিলেজের খাবারের জায়গায় সব অ্যাথলিটরা আড্ডা দেন। একে অপরের সঙ্গে বন্ধুত্ব তৈরি হয়। তবে এ বার নিয়ম কিন্তু বেশ কঠিন। অ্যাথলিটদের স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে যে দল বেধে নয়, ডাইনিংয়ে একা খেতে হবে।

## বড় আর্থিক ক্ষতির মুখ দেখল কোকা-কোলা




**নিজস্ব প্রতিবেদন-** এবারের ইউরো কাপে প্রথম ম্যাচে হাঙ্গেরির বিরুদ্ধে নামার আগে সাংবাদিক সম্মেলনে এসে একটা কাণ্ড করেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। আর সেই কাণ্ডের জেরে একধাক্কায় কোটি কোটি টাকা লোকসান হল নরম পানীয় সংস্থা কোকা-কোলার। জানা গিয়েছে, প্রায় ৩০ হাজার কোটি টাকা ক্ষতি হয়েছে মার্কিন বহুজাতিক সংস্থার।

প্রসঙ্গত, ১৫ জুন হাঙ্গেরি ম্যাচে নামার আগে পর্তুগালের প্রেস কনফারেন্সে রাখা ছিল কোকা-কোলার বোতল। তা দেখেই চটে যান পর্তুগিজ মহাতারকা। কিছুটা রুষ্ট হয়েই কোকা-কোলার বোতল তুলে পর্তুগিজ ভাষায় বলেন 'আগুয়া' (জল)। অর্থাৎ নরম পানীয়র বদলে পানীয় জল পান করার পরামর্শ দেন প্রত্যেককে। সেই বোতল তৎক্ষণাৎ সরিয়ে দেন সিআর সেভেন।

পর্তুগালের কোচ ফার্নান্দো স্যান্টোসও প্রেস কনফারেন্সে উপস্থিত ছিলেন। তিনি অবশ্য কোকা-কোলার বোতল দেখে কোনও মন্তব্য করেননি। সরিয়েও দেননি বোতল। পর্তুগাল দলের সেই সাংবাদিক সম্মেলনের ভিডিও আপাতত সোশ্যাল মিডিয়ায় ভাইরাল। কিন্তু রোনাল্ডোর এই সামান্য অভিব্যক্তিতে বড় ক্ষতির মুখে পড়ল কোকা-কোলা সংস্থা।

জানা গিয়েছে, রোনাল্ডোর এই সামান্য কাণ্ডের জন্য বিশ্ব বাজারে কোকা-কোলার দর প্রায় ১.৬ শতাংশ কমে যায়। এমন একটা দিনে যখন ইউরো-তে একাধিক রেকর্ড গড়লেন সিআর সেভেন সেদিনই বড় আর্থিক ক্ষতির মুখ দেখল জনপ্রিয় নরম পানীয় প্রস্তুতকারক সংস্থা।

## ইংল্যান্ডের হয়ে টেস্ট ক্রিকেটে আবির্ভাব 'কালো মেয়ে'-এর



**নিজস্ব প্রতিবেদন-** ঠিক যখন বর্ণবিদ্বেষে বিপর্যস্ত ইংল্যান্ডের ক্রিকেট, সেখানে এক মহিলার হাত ধরে তৈরি হল নতুন ইতিহাস। সেই ইতিহাস গড়লেন সোফিয়া ডাঙ্কলে। প্রথম মহিলা কৃষ্ণাঙ্গ ক্রিকেটার হিসেবে ইংল্যান্ডের হয়ে টেস্ট ক্রিকেট খেলতে নামলেন সোফিয়া।

ছোটবেলা থেকেই লড়াই করতে শিখে গিয়েছিলেন। তাঁর মা একা মানুষ করেন তাঁকে। মায়ের সেই লড়াই উদ্বুদ্ধ করেছে সোফিয়াকে। প্রতিবেশীর কথায় ক্রিকেট খেলা শুরু করেন। তাঁর সঙ্গেই ছেলেদের একটি প্রশিক্ষণ কেন্দ্রে ক্রিকেট শেখা শুরু ২২ বছরের এই অলরাউন্ডারের। দেশের হয়ে ১৫টি টি২০ খেলে ফেললেও টেস্ট ম্যাচে প্রথম খেললেন তিনি। সেই সঙ্গে ইতিহাসে নাম উঠল তাঁর। টেস্টের টুপি পেলেন জর্জিয়া এলউইসের হাত থেকে। ইংল্যান্ডের মহিলা দলের হয়ে খেলা প্রথম কৃষ্ণাঙ্গ ক্রিকেটার ইবনি রেইনফোর্ড বার্টের লেখা একটি বার্তাও পড়েন তিনি। সাদা বলের ক্রিকেটে খেলেছিলেন ইবনি।

সোফিয়া বলেন, "মেয়েদের ক্রিকেটে টেস্ট খেলা এমনিতেই খুব কম হয়। সেখানে সুযোগ পাওয়া খুব বড় ব্যাপার। মানুষ যে মেয়েদের টেস্ট ক্রিকেট দেখতে চাইছে, এটা ভেবেই খুব আনন্দ লাগছে। আমি দারুণ উত্তেজিত এই সুযোগ পেয়ে। সব মেয়েদের এই সৌভাগ্য হয় না।"

# মারাদোনাকে খুন করা হয়েছে, অভিযোগ স্বাস্থ্যসেবকের

**নিজস্ব প্রতিবেদন-** স্বাস্থ্যসেবক দাহিনা গিসেলা মাদ্রিদ সরাসরি খুনের অভিযোগ তুললেন। তাঁর অভিযোগের আঙুল ফুটবল তারকার চিকিৎসকদের দিকে। মাদ্রিদের আইনজীবী রোদোলফো বাকে এমনই অভিযোগ করেছেন। মারাদোনা মৃত্যুর দিকে এগিয়ে গেলেও চিকিৎসকরা কিছুই করেননি বলে মত তাঁর।

মারাদোনাকে ইচ্ছাকৃত ভাবে মৃত্যুর দিকে ঠেলে দেওয়ার অভিযোগ উঠেছিল চিকিৎসক এবং স্বাস্থ্যসেবক-সহ ৭ জনের বিরুদ্ধে। তাঁদের মধ্যেই একজন মাদ্রিদ। দিনের বেলা মারাদোনার দেখাশোনা করতেন তিনি। সংবাদমাধ্যমের কাছে তাঁর আইনজীবী বাকে বলেন, "ওরা মারাদোনাকে মেরে দিয়েছে।" বাকের অভিযোগ চিকিৎসকদের বিরুদ্ধে। বাকের বক্তব্য আর্জেন্টিনার তারকা ফুটবলারের মৃত্যুর জন্য তাঁর মক্কেল নন, দোষী চিকিৎসকরা। মারাদোনার হৃদরোগের চিকিৎসা চলছিল। সেই



সময় তাঁকে মানসিক রোগের ওষুধ দেওয়া হয় যা হৃদস্পন্দন বাড়িয়ে দেয়। বাকের অভিযোগ এর ফলেই মৃত্যু হয়েছে মারাদোনার। এর আগে মারাদোনার আরও এক স্বাস্থ্যসেবক রিকার্ডো আলমিরনকে প্রশ্ন করা হয়েছিল। তিনি জানিয়েছিলেন মারাদোনা মানসিক রোগে আক্রান্ত বলেই তাঁকে জানানো হয়েছিল, হৃদরোগের কথা জানতেন না তিনি। মাদ্রিদ আগে জানিয়েছিলেন মারাদোনাকে তিনি যখন দেখেন, তখন প্রাণ ছিল না তাঁর। বাঁচানোর চেষ্টা করেছিলেন মাদ্রিদ, কিন্তু পারেননি। তবে পরে তিনি তাঁর বক্তব্য থেকে সরে আসেন। বলেন তাঁকে এমনটা বলতে বলা হয়েছিল। নার্সিং কোঅর্ডিনেটর মারিয়ো পেরেনির নির্দেশে তিনি এমনটা বলেছিলেন। আগামী ২ সপ্তাহ ধরে পেরেনি, মনোরোগ বিশেষজ্ঞ অগাস্টিনা কোসাশভ, মনোবিজ্ঞানী কার্লোস ডিয়াজ, চিকিৎসা সমন্বয়কারী ন্যান্সি ফরলিনিদের জিজ্ঞাসাবাদ করা হবে।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপন পণ্ডিত কতৃক ডাউয়াগুড়ি, কলের পার, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১৫৬ থেকে প্রকাশিত এবং 'জনবার্তা' প্রিন্টিং প্রেস, দক্ষিণ খাগরবাড়ী, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১০১ থেকে মুদ্রিত। ● সম্পাদকঃ সন্দীপন পণ্ডিত ● Printed, Published and Owned by Sandipan Pandit and Printed at 'Janabarta' Printing Press, Dakshin Khagarbari, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code: 736101 and Published at Dawaguri, Kolerpar, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code – 736156● Editor: Sandipan Pandit, Tele-Fax : 0353-2431015 Website : www.purbottar.in, e-mail : contact@purbottar.in RNI No.: 71057/96